সে বলতে থাকলো, ভালোবাসায় যে এতো মধু, তোমাকে পূর্ণাঙ্গভাবে পেয়ে এতোদিনে তা বুঝলাম। দেখাই যদি হয়েছিল, বারোটি বছর আগে কেন হলো না?

একদিন বলেছিলাম, শোনো, তুমি-আমি আসলে পাপ করছি। আমরা বৈধ স্বামী-স্ত্রী নই।

সে রেগে গিয়ে বলেছিল, কিসের পাপ?শুধু কলেমা আর মন্ত্র পড়লেই বিয়ে হয় না। তোমার-আমার মনের বিয়ে হয়ে গেছে। তোমার আল্লাহ আর আমার ভগবানের এতে সায় আছে। তোমার স্ত্রী ও আমার স্বামী যে আমাদেরকে কষ্ট দিচ্ছে, ওদেরটা পাপ না?

দিন গড়িয়ে মাস, মাস গড়িয়ে বছর যাচ্ছিল। এসব বিষয় চাপা থাকে না। দুজনের চলাফেরা, অপ্রাসঙ্গিক মেলামেশা দেখে তার স্বামীসহ অফিসের সবাই সন্দেহ করতে থাকলো।

সহকর্মীরা এ নিয়ে প্রথম প্রথম হালকা রসিকতা করলেও ক্রমেই ক্ষেপে গেল।

অপদার্থ তার স্বামীটিই শহরের অর্ধেক লোককে তার স্ত্রীর পদস্খলনের কথা জানিয়ে আরাম পেল।

লোকনিন্দায় কর্ণপাত না করে আমাদের নেশায় আমরা মত্তই থাকলাম।

সে তার স্বামীকে বললো, জেনেই যখন ফেলেছো, তাহলে আরো জেনে নাও যে, তাকে ছাড়া আমার চলবে না। এসব দেখে-শুনে ইচ্ছে হয় তুমি থাকো, না হয় যেদিক খুশি চলে যাও।

আমার স্ত্রীকে বাড়িতে গিয়ে স্পষ্ট জানিয়ে দিলাম, এবার আমি সত্যি সত্যিই লম্পট হয়েছি। পারলে ফেরাও।

আমার স্ত্রী এবং তার স্বামী নরকের আগুনে জ্বলতে লাগলো। আমরা দুজন ঘৃতাহূতি দিয়ে চললাম। ভ্রষ্টা স্ত্রীকে নিয়ে ওর স্বামী এবং দুশ্চরিত্র স্বামীকে নিয়ে আমার স্ত্রী দিন কাটাতে থাকলো নিতান্ত বাধ্য হয়ে।

চারটি বছর পর অবশেষে এক পর্যায়ে আমাদের দুজনের বোধোদয় হলো।

বুঝতে পারলাম আমাদের দুজনের কামনার আগুনে দুটি সংসার ধ্বংস হতে চলেছে।

ইচ্ছা করলেই আমরা চিরস্থায়ী বন্দোবস্ত করতে পারতাম। সেটা না করে উভয়ে আপোস করলাম। বিচ্ছিন্নতার চুক্তি করে ব্যাকগিয়ার করলাম এবং পরস্পরকে চিরদিন মনে রাখার অঙ্গীকার করে স্বেচ্ছা বিরহ মেনে নিলাম।

এরপর বিশটি বছর কেটে গেছে। আমরা প্রৌঢ়ত্বের দ্বারে এসে পৌছেছি। দুজনের ছেলেমেয়েরা বড় হয়েছে, মানুষ হয়েছে।

আমরা দুজনেই এখন সমাজের প্রতিষ্ঠিত ভদ্রলোক ও ভদ্রমহিলা। কিন্তু অন্তরের কামনা পরস্পরকে স্মরণ রাখতে বাধ্য করছে এখনো। দুজন দুই জেলায় অনেক দূরে বাস করি। মাঝে মধ্যে দৈবাৎ দেখা হলে স্মৃতির জাবর কাটি, জীবনের সোনালি অধ্যায়ের সেই রঙিন দিনগুলোকে দুই কথা দিয়ে সামনে টানি।

কেন যেন মনে থাকে না, সে আমার স্ত্রী নয়, আমি তার স্বামী নই। শুধু মনে হয়, সে আমাকে এবং আমি তাকে ভালোবেসেছিলাম কোনোদিন, কোনোকালে। আমি তার প্রেমিক, সে আমার প্রেমিকা।

এটাই সত্য। হোক না তা ঘোর লাম্পট্য বা পরকীয়া!

ঠিকানা প্রকাশে অনিচ্ছুক

অদৃশ্য দেয়াল

– মাহবুব

খুব বেশি সময় নয়, মাত্র দশ বছর আগের কথা।

যতোটা সহজে কথাটা বলা গেল আসলে ততোটা নয়। দশ বছর সময়টা বিশাল একটা সময়। কারণ সে সময় ক্লাস ফোরে পড়ি। ক্লাস ফোরে পড়াকালীন প্রায় সকল স্মৃতিই আমার ভুলে থাকার কথা। হ্যা, সব স্মৃতিই প্রায় ভুলে গেছি। এই ভুলে থাকা স্মৃতির মাঝে কিছু স্মৃতি আছে যা আমার চোখে ভেসে বেড়ায় ধোয়া হয়ে। ধোয়া কিছু স্মৃতির মাঝে একটি স্মৃতি ইদানীং আমার মাথা কামড়ে খাচ্ছে।

আমার বাবা ছিলেন সরকারি কর্মকর্তা। জলে ভেসে বেড়ানো কচুরিপানার মতোই আমরাও তেমনি এ দেশটায় ভেসে বেড়িয়েছি। কিশোরগঞ্জ থেকে বাবা বদলি হয়ে তখন কাপ্তাই-এ। বড়ইছড়িতে ছিল আমাদের বাস। বাসার পাশেই স্কুল। ক্লাসে ফার্স্ট গার্লটির নাম ছিল সায়মা। ওই বয়েসে *ভালোবাসা* শব্দটি বোঝার ক্ষমতা কারোরই থাকে না। তবুও কেন যেন সায়মাকে দেখার জন্য আমার মন সর্বক্ষণ উদগ্রীব থাকতো।

স্কুলে গিয়েই সবার আগে আমার কাজ ছিল সায়মা এসেছে কি না তা দেখা। যেদিনই সায়মাকে একা পেতাম সেদিনই তার সঙ্গে বসে অনেকটা সময় গল্প জুড়ে দিতাম। আর যেদিন সে আসতো না সেদিন ক্লাস করতে মোটেও মন চাইতো না।

পড়ায় অমনোযোগী থাকার ফলে ক্যাচিং গ্রু মারমা আর রাখাল দাশ স্যারের কতো যে মার খেয়েছি তার কোনো হিসেবে নেই। আমার সেই ছোট্ট মনের কোণে তবুও সর্বক্ষণই থাকতো সায়মার উপস্থিতি।

এ তো গেল স্কুলের কথা। আমাদের বাসা থেকে সায়মাদের বাসার দূরত্ব ছিল খুবই সামান্য। পাচ মিনিটেই হেটে যাওয়া যেতো। তাদের বাসার সামনেই ছিল একটা শিশুপার্ক। প্রতিদিন বিকেলে সেখানে আমার না গেলেই নয়। এক সঙ্গে সবাই খেলতাম। দোলনায় সায়মাকে বেশির ভাগ সময়ে আমিই দোল খাওয়াতাম। যেদিন তাকে অন্য কেউ দোল খাওয়া তো সেদিন আমার মনটাও খুব খারাপ থাকতো। অনেক সময় অন্যসব বন্ধুদের সঙ্গে এ নিয়ে ঝগড়াও হতো।

হঠাৎ একদিন বাবার বদলির অর্ডার হলো। এবার আমাকে চলে যেতেই হবে। তাকে আর দেখতে পাবো না ভেবে কাপ্তাই ছেড়ে চলে যাবার আগের রাতে বালিশে মুখ লুকিয়ে ফুপিয়ে ফুপিয়ে অনেক কেদেছি।

সকালে ওদের বাসায় গেলাম বিদায় নেয়ার জন্য। কিন্তু গিয়ে দেখি ওদের বাসা তালাবন্ধ। চোখের কোণে আবার সেই কান্না নামের জল ঝরতে লাগলো।

চলে এলাম কাপ্তাই ছেড়ে ঢাকায়। প্রথম বেশ কিছু দিন তার জন্য মনটা খুব খারাপ লাগতো। আস্তে আস্তে কবে যে তাকে ভুলে গিয়েছিলাম তা একদম খেয়ালই নেই।

আজ জীবনের এই উনিশ বছর পেরিয়ে এসে প্রেমে পড়লাম মুক্তা নামের একটি মেয়ের। বেশ কয়েকদিন আগে মুক্তাকে ডেকে এমনিতেই কথা বলছিলাম। প্রসঙ্গক্রমে হঠাৎ একটা সুযোগ পেলাম মুক্তাকে আমার ভালোবাসার কথা জানানোর। যদিও মুক্তা ব্যাপারটা জানে তবুও মুখ ফুটে কখনো বলা হয়নি। তাছাড়া এখনো তার সঙ্গে তেমন কোনো সম্পর্কও হয়নি।

মুক্তাকে বললাম, একটা কথা তোমাকে আমি অনেক দিন থেকে বলবো বলবো করে ভাবছি।

মুক্তা বললো, কি?

যখনি বলতে লাগলাম, মুক্তা, আমি তোমাকে...। তুমিই আমার জীবনের প্রথম...

তখনি আমাকে বাধা দিল একটা অদৃশ্য শক্তি। আমার ভেতরের মানুষটা কেন কিংবা কি কারণে যেন বলে উঠলো, মাহবুব, তুই মিথ্যা বলছিস।

তাকে এখন পর্যন্ত বলা হয়নি এই পৃথিবীর সবচেয়ে সহজ সেই চারটি বর্ণ। ভা..লো..বা..সি।

লাকসাম, কুমিল্লা থেকে

অবুঝ মন

– মাসুদ জাকারিয়া

যাকে নিয়ে এই লেখাটা লিখছি, জানি না সে এখন আমাকে কতোটা ভালোবাসে? তবে আমার বিশ্বাস, সে এখনো হৃদয়ের সমস্ত সত্তা দিয়ে আমাকে ভালোবাসে। আমার এই ভালোবাসার মানুষটির নাম লিজা। সে ছিল আমার খুব কাছের এক বন্ধুর স্ত্রী।

বন্ধুত্বের সুবাদে ওদের বাড়িতে প্রতিদিন চার পাচ ঘন্টা সময় গল্প করে কাটাতাম।

প্রথমে সে আমাকে দেখে লজ্জা পেয়ে খুব কম কথা বলতো এবং খুব সম্মান করতো। কারণ সে ছিল আমার বান্ধবীর ছোট বোন।

আমার বন্ধুটা মনমানসিকতার দিক দিয়ে উদার হলেও সে ছিল রগচটা টাইপের। কথায় কথায় রেগে যেতো। পেশা ব্যবসা হলেও দিন রাতের অধিকাংশ সময় সে আমাদের বন্ধু মহলে ব্যয় করতো। ব্যবসা এবং বৌকে

সময় দেয়ার ব্যাপারে তার ছিল চরম অনীহা। এ জন্য লিজার সঙ্গে তার প্রায়ই ঝগড়া লাগতো এবং শেষ পর্যন্ত অনেক সময় গায়ে হাতও তুলতো।

ওদের প্রতিটি ঘটনার সাক্ষী ছিলাম আমি। ওরা কিভাবে রাতে দৈহিক মিলনে লিপ্ত হতো, বন্ধু তা রসিয়ে রসিয়ে আমার কাছে গল্প করতো। বৌকে সময় দেয়ার ব্যাপারে অনীহা থাকলেও দৈহিক মিলনের ব্যাপারে সে ছিল সম্পূর্ণ সজাগ। এসব গল্প আমার কাছে বন্ধু যখন করতো, লিজা তখন লজ্জায় মুখ ঢেকে রাখতো।

বন্ধুটি আড্ডা অথবা ব্যবসার কাজে বাসার বাইরে গেলেও লিজার সঙ্গে ঘন্টার পর ঘন্টা গল্প করে কাটাতাম। ওর সমস্ত সুখ-দুঃখের কথা আমাকে বলতো।

এভাবে ঘন্টার পর ঘন্টা গল্প করার ফাকে আমাদের মধ্যে কখন যে বন্ধুত্ব হয়ে গেল তা আমরা প্রথমে বুঝতে পারিনি।

স্বামীর সময় দেয়ার ব্যাপারে অনীহা এবং আমার ঘন্টার পর ঘন্টা তার পেছনে সময় ব্যয় করে তার সমস্ত সুখ-দুঃখের অংশীদার হওয়ায় সে আমার প্রতি অনেকটা দুর্বল হয়ে পড়ে।

এর চূড়ান্ত পরিণতি হয়, একদিন আড্ডা থেকে আমরা আসার পর বন্ধু ব্যবসার কাজে দোকানে কেন যায়নি লিজা এটা জিজ্ঞাসা করাতেই বন্ধুটি আমার সামনেই লিজাকে বেদম পেটাতে থাকে।

বন্ধুকে ধরে নিয়ে বাজারে যাই এবং অনেক বোঝাই।

সকালে ওদের বাসায় গিয়ে দেখি লিজার ঠোট কেটে ফুলে গেছে।

বন্ধুটি লিজাকে সরি তো দূরের কথা, ওষুধ পর্যন্ত আনেনি।

ওষুধ কিনে এনে লিজাকে জোর করে খাওয়ালাম।

এই ব্যাপারটাই লিজার মনে প্রচণ্ড আকারে প্রভাব ফেলে। তারপর থেকে সে আমার প্রতি আরো দুর্বল ও ঘনিষ্ঠ হতে শুরু করে।

লিজা ছিল প্রচণ্ড সেক্সি। সে আমাকে বলতো, আপনার কোনো সাহস নেই। আমার বিশেষ লিঙ্গের প্রতি কটাক্ষ করে বলতো, আপনার কোনো ক্ষমতা নেই।

এরই মধ্যে এক শীতের সকালে লিজা আর আমি ওদের খাটে বসে গল্প করছিলাম। লিজা লেপের নিচে শুয়েছিল এবং আমার হাতটা ছিল লেপের মধ্যে। আমার অজান্তে লিজা কখন যে আমার হাতটা তার স্তন-এর ওপর রেখেছিল, প্রথমে টের পাইনি।

হঠাৎ হাতের নিচে নরম কি যেন অনুভব করলাম। সেই সঙ্গে শিরশিরে অন্য ধরনের এক অনুভূতি।

কিছুক্ষণ এভাবে থাকার পর লিজাকে বিদায় জানিয়ে চলে আসি।

কিন্তু আমার শরীর-মন ওই স্পর্শকাতর স্তনের স্পর্শের কথা ভুলতে পারে না।

বিকেলে আবার ওদের বাসায় গেলাম। এক সঙ্গে বসে অনেক গল্প করলাম। ওর দুই চোখ এবং মুখ ছিল ভালো লাগা ভালোবাসায় ভরা।

ওর দিকে দুহাত বাড়িয়ে দিলাম।

সঙ্গে সঙ্গে ও আমার দুই হাতের মধ্যে নিজেকে সপে দিল।

ওর মুখটা উচু করে ওর ওই কমলার কোয়ার মতো ঠোটকে নিজের ঠোটের মধ্যে টেনে নিলাম।

লিজা প্রচণ্ড ভালো লাগায় আমাকে শক্ত করে আকড়ে ধরলো। এভাবে কতোক্ষণ ছিলাম জানি না। এক সময় স্বাভাবিক হলাম। আবার শুরু হলো গল্প।

আস্তে আস্তে লিজার প্রেমে ধরা পড়লাম। প্রচণ্ড ভালোবাসতে লাগলাম ওকে। একদিন লিজাকে না দেখলে আমার চোখের ঘুম হারাম হয়ে যেতো। কিন্তু ওকে তেমন বুঝতে দিতাম না। এভাবে দিনের পর দিন ভালোই চলছিল।

একদিন রাত দশটার দিকে ওদের বাসায় গেলাম। বন্ধু বাসায় ছিল না।

লিজা আমাকে বসতে বললো।

কিছুক্ষণ ওর হাত ধরে গল্প করার পর লিজার চোখের দিকে তাকিয়ে দেখি সেক্সে ওর চোখ দুটি লাল হয়ে গেছে।

ও উঠে গিয়ে দরজা বন্ধ করে দিয়ে দুই হাত দিয়ে তাকে গ্রহণ করার জন্য আমাকে আহ্বান করলো।

আমি ওর আহ্বানে সাড়া দিতেই ও প্রচণ্ড বেগে আমার ওপর ঝাপিয়ে পড়লো।

আমরা পৃথিবীর সব কিছু ভুলে গিয়ে পরম ভালোবাসায় দুজন দুজনকে গ্রহণ করলাম।

এভাবে কিছু দিন চলার পর হঠাৎ করে ঢাকায় চলে যাই। ঢাকা যাওয়ার আগে আমার অভিমানীর চোখের দিকে তাকাতে পারছিলাম না। লিজার চোখে ছিল শুধু পানি আর প্রিয়জন হারানোর বেদনা।

ঢাকায় গিয়ে প্রতিটি মুহূর্ত তার ভালোবাসা আমাকে কুড়ে কুড়ে জানিয়ে দিচ্ছিল যে, আমার এ হৃদয় ও মনের প্রতিটি কণা লিজা তার ভালোবাসার দাম দিয়ে কিনে নিয়েছে। কিছুতেই একটা মুহূর্তের জন্যও তাকে মন থেকে সরাতে পারছিলাম না। বার বার তার চেহারা আমার চোখের সামনে ভেসে উঠতো। লিজা দূরে থাকায় বুঝতে পারি সে আমার জীবনে কতোখানি প্রভাব ফেলেছে।

হঠাৎ একদিন সে আমাকে মোবাইলে ফোন করে।

আমার তখন মনে হলো, এ পৃথিবীর সবচেয়ে সুখী মানুষ আমি। আমার ভালো লাগা, আমার ভালোবাসার উচ্ছ্বাস কিছুতেই সবার সামনে চেপে রাখতে পারছিলাম না।

আন্টি এবং কাজিনরা জিজ্ঞাসা করে, দিন–রাত মন–মরা হয়ে বসে থাকিস। হঠাৎ কার ফোন এলো যার জন্য তোকে এতো খুশি দেখাচ্ছে?

আমি এটা ওটা বলে চেপে যাই।

লিজার টানে আবার বিশ বাইশ দিন পর পর বাসায় আসতে থাকি। বাসায় ব্যাগটা ফেলেই রেখেই চলে যেতাম আমার অতি প্রিয়, অতি ভালোবাসার মানুষটির কাছে।

সে আমাকে কথা, ভালোবাসা এবং চুমোয় চুমোয় ভরে দিতো আমার সারা শরীর ও মন।

লিজার ভালোবাসার পরশ নিয়ে আবার ঢাকা চলে যেতাম। রাতে শুয়ে শুয়ে তার কথা চিন্তা করতাম এবং ভাবতাম! এভাবে আর কতো দিন, সে ছিল বিবাহিত এবং আমি অবিবাহিত। আমার পরিবার তাকে কোনোদিন মেনে নেবে না। অনেক চিন্তা করে দেখলাম, এভাবে চললে এর ফলাফল হবে ভয়াবহ। আমাদের এ সমাজ দুজনার জীবনকেই বিষিয়ে তুলবে। তাই সিদ্ধান্ত নিলাম, বন্ধুর স্ত্রী হিসেবে যতোটুকু সম্পর্ক রাখা দরকার, তার সঙ্গে সেই সম্পর্কটুকুই রাখবো।

তাকে বোঝাতে শুরু করলাম।

সে কিছুতেই বুঝতে চাইতো না। আমার অভিমানীর চোখ দিয়ে শুধু অঝোরে অশ্রু ঝরতো। এসব কথা বললে পাগলের মতো আচরণ করতো এবং কান্নাকাটি করতো।

মনকে অনেক কষ্টে নিয়ন্ত্রণ করে ঢাকায় থাকা শুরু করলাম। দুই মাস পর বাসায় গেলেও ওদের বাসায় যেতাম না। বুঝতাম ও প্রচণ্ড কষ্ট পাচ্ছে। তবুও দুজনার (নাকি আমার) ভালোর জন্য এক বুক কষ্ট নিয়ে ওকে এভয়েট করতে থাকি।

এভাবে কয়েক মাস চলার পর আমার মনকে আর নিয়ন্ত্রণ করতে পারি না। একদিন লজ্জার মাথা খেয়ে হঠাৎ করে ছুটে যাই আমার ভালোবাসা লিজার কাছে।

ও আমাকে বসতে বললো।

কিন্তু ওর চোখ মুখের দিকে তাকিয়ে আমার মনে হলো যেন হাজার পাওয়ারের ইলেকট্রিক শক খেয়েছি।

লিজার চোখ মুখ অতি স্বাভাবিক। যে চোখ মুখ আমাকে দেখলে আনন্দে-উচ্ছ্বাসে ভরে যেতো, আমার সান্নিধ্যে যাকে পৃথিবীর সবচেয়ে সুখী মানুষ বলে মনে হতো সেই লিজা আজ অতি নীরব। সে হয়তো আমার কথা মতো বাস্তবতা মেনে নিয়ে সংসার ধর্ম পালন করছে।

আমিও দোয়া করি, তুমি, স্বামী সন্তান নিয়ে সুখে দিন যাপন করো। তুমি সুখে থাকলে নিজেকে একটু হলেও সুখী ভাববো। আমিও ভালো থাকার চেষ্টা করছি। তোমার ওই স্বাভাবিক আচরণ আমাকে প্রতিটি মুহূর্ত কুড়ে কুড়ে খাচ্ছে। তোমার এ অবহেলায় আমার এ হৃদয় ফেটে যাচ্ছে। এর জন্য তো তুমি দায়ী না। দায়ী আমিই। তাই মনকে বলি, হায়রে অবুঝ মন! যখন সে তোর জন্য পাগল ছিল তখন তুই তাকে চাইলি না। আজ যখন সে নীরব তখন তুই তার জন্য পাগল হলি।

পাগল এই মনটা নিয়ে ঈদের দিন সকালে গেলাম লিজার কাছে।

আমাকে দেখে লিজা একটু হলেও উচ্ছ্বাস প্রকাশ করলো।

অনেক দিন পর নিজেকে একটু সুখী বলে মনে হচ্ছিল।

বিকেলে ওর বাসায় গিয়ে শুনি সারাটা দিন ও কেঁদেছে শুধু আমার জন্য।

লিজা, এ পৃথিবীতে যতো দিন বাচবো, যতো দূরেই থাকি না কেন, আমার এ হৃদয়ের ভালোবাসা তোমার প্রতি সব সময় থাকবে। আমার ভালোবাসাটা তোমার দেহের দিকে নয়, মনের দিকে। তোমাকে একটু দেখা বা তোমার সঙ্গে একটু কথা বলা আমার মনে হয় এ পৃথিবীতে স্বর্গ পাওয়া। তোমাকে যে কি পরিমাণ ভালোবাসি তা তোমাকে বোঝাতে পারবো না। তুমি প্রকাশ করতে পারো আর আমি পারি না, এই যা পার্থক্য।

কাছে অথবা দূরে যেখানেই থাকি না কেন যদি তোমার কোনো প্রয়োজন হয়, আমাকে মনে করো। দেখবে, তোমার ভালোবাসা শত বাধা অতিক্রম করে তোমার দুয়ারে উপস্থিত।

ধানমন্ডি, ঢাকা থেকে

রাঙা বৌ

আমার প্রাণ প্রিয় রাঙা বৌ। আমার প্রাণ পাখি। ভালোবাসা কাকে বলে তা জানি না। তবে যেদিন থেকে তোমার সঙ্গে আমার সম্পর্ক সেদিন থেকে এক লোকমা ভাত শান্তিতে খেতে পারিনি। নামাজের সেজদা ঠিকমতো দিতে পারিনি। পড়ার টেবিলে কখনো মন বসাতে পারিনি। সারাক্ষণ মনে পড়েছে তোমার কথা। তুমি পারতে তোমার সত্যিকারের ভালোবাসা দিয়ে আমাকে অনেক উচুতে পৌছে দিতে। অথচ তোমাকে ভালোবেসে ভুলে গেছি নিজের কথা।

কখনো কল্পনা করিনি তুমি কে, আমি কে, তুমি কোথায়, আমি কোথায়? সম্ভব-অসম্ভবের কথা। তোমার মোহে আমি অন্ধ হয়ে গেছি। তোমাকে নিয়ে রচনা করেছি অজস্র গল্প, কবিতা, গান। তুমি ছিলে আমার একমাত্র স্বপ্ন। সে স্বপ্ন আমার ভেঙে গেল। তোমাকে বুকে নিয়ে একটু শান্তি পেতে চেয়েছিলাম। শান্তি খুজেছি তোমার বুকে। সত্য খুজে পেতে চেয়েছি তোমার ভেতরে। আমার যৌবনের সঞ্চিত ভালোবাসা সবটুকু উজাড় করে দিয়েছি তোমাকে।

যেদিন থেকে তোমাকে আমি ভালোবেসেছি সেদিন থেকে আমার জান, আমার প্রাণ, আমার রুহ চলে গেছে তোমার ভেতরে। দুটি আত্মা মিলে হয়েছি এক আত্মা। আমার প্রাণটা সব সময় থাকে তোমার ভেতরে। তাই তো তোমার মাথার চুল থেকে পায়ের নখ পর্যন্ত একটি পশম খসে পড়লেও তা টের পাই, হৃদয়ে ব্যথা পাই।

মনে হয় তোমার প্রতিটি অঙ্গই যেন আমার অঙ্গ। কেউ তোমাকে স্পর্শ করলে বা তোমার সাথে কথা বললে তা আমার সহ্য হয় না।

তোমাকে এতো বেশি ভালোবেসেছি যে, কেউ যদি রুটি খাওয়ার জন্য আমার শরীর থেকে প্রতিদিন এক টুকরা করে গোস্ত চায়, তাও কেটে দিতে রাজি। কেউ যদি বলে সমস্ত পৃথিবী একদিকে আর আমার রাঙা বৌ একদিকে, আমি কাকে নেবো? আমি বলবো, আমার রাঙা বৌকে চাই। আমার রাঙা বৌয়ের ভালোবাসা চাই।

আমার রাঙা বৌ এতোই সুন্দরী যেন আধার ঘরের আলোকিত চাদ। তার প্রতিটি অঙ্গ প্রতঙ্গ এতো ভালো লাগতো যেন স্বর্গ খুজে পেয়েছি ওখানে। ওখানেই যেন আমার স্বর্গ। তার মুখে যেন যাদু। কি পরিমাণ যে মিষ্টি মধু তার মুখে দিয়েছেন সৃষ্টিকর্তা তা একমাত্র তিনিই জানেন।

আমার রাঙা বৌ খুব ভালো মানুষ। তার মনটা আকাশের মতো বিশাল। সে বিশাল আকাশে যে কেউ অনায়াসেই প্রবেশ করতে পারে। তখন আর আমার কথা মনে থাকে না।

যখন আমি লক্ষ্য করলাম আমার রাঙা বৌয়ের কথা ও কাজের মধ্যে বিস্তর ব্যবধান, তার পক্ষে যেটা সম্ভব তা দিতেও অনীহা প্রকাশ করে, সে যা দিতে পারে তা দিতেও কার্পণ্য করে। আরো অনেক কিছুতে যখন অমিল দেখি, দেখি যখন তার অন্য রকম আচরণ তখন বুঝতে বাকি থাকে না যে, আমার রাঙা বৌ আমাকে কি পরিমাণ ভালোবাসে, কিভাবে ভালোবাসে।

আমার রাঙা বৌ আমাকে এতো বেশি ভালোবাসে যে, তার ভালোবাসার আঘাতে আমার হৃদয় ক্ষতবিক্ষত হয়ে গেছে। আমার রাঙা বৌ আমাকে এতো বেশি ভালোবাসে যে, সে ভালোবাসার ভার সইতে পারি না। তাই হয়তো একদিন না বলেই চলে যাবো তোমার কাছ থেকে অনেক দূরে। তোমার বিশাল আকাশের মতো মনের মাঝখান থেকে একজন চলে গেলে হয়তো মনেও পড়বে না কে চলে গেল।

অবশেষে তুমি যে আশা নিয়ে আমার কাছে এসেছিলে তা হয়তো পূরণ করতে পারিনি। তাই তোমার অন্যত্র আনাগোনা। দোয়া করি এখন যে তোমার জীবনে আসবে বলে আমার সঙ্গে সেপারেশন সে যেন তোমার সকল আশা পূরণ করে দেয়। আল্লাহ যেন তোমার সকল মনোবাসনা পূরণ করে দেয়।

ছোটবেলা থেকে তুমি লালিত পালিত হয়েছো শান-শওকত বিলাসিতায়। কষ্ট কি তা কখনো বোঝোনি। একমাত্র ভালোবাসার টানেই তুমি তোমার বাবার বিলাসবহুল বাড়ি থেকে যেদিন সকল বাধাবিঘ্নকে অগ্রাহ্য করে চরম আত্মবিশ্বাসে চলে এসেছিলে আমার খড়ের ক্ষুদ্র কুটিরে সেদিন মনে হয়েছিল, আকাশ থেকে এক ফালি চাদ এসে আমার কুড়ে ঘরকে আলোকিত করেছে। স্বর্গ নেমে এসেছে আমার কুড়ে ঘরে। আজ সে ঘরকে আধার করে দিয়ে চলে যেতে চাচ্ছো! যে ভালোবাসার টানে একদিন তুমি সব কিছু ছেড়ে চলে এসেছিলে সে ভালোবাসা আজ তোমার কাছে তুচ্ছ। অর্থ-সম্পদই তোমার কাছে বড় হয়ে দেখা দিয়েছে!

তুমি নিজ চোখেই দেখেছো একমাত্র তোমার সুখের জন্য আমার সর্বস্ব ব্যয় করেছি। তারপরও তোমাকে ধরে রাখতে পারলাম না। *অভাব যখন দরজায় এসে দাড়ায়, ভালবাসা তখন জালানা দিয়ে পালায়।* এ স্বতঃসিদ্ধ সত্যটাকে মেনে তোমার সুখের জন্য তোমার সিদ্ধান্তটাকেই মেনে নিলাম শত কষ্টের মাঝেও। তবে একটি কথা মনে রেখো, তুমি যে ভালোবাসার টানে এসেছিলে সে ভালোবাসার কমতি আজও নেই। হয়তো দারিদ্রের কষাঘাতে তোমার সব আবদার রক্ষা করতে পারিনি। কিন্তু তোমার একই কথা, *আবেগ দিয়ে, ভালোবাসা দিয়ে আর যাই হোক পেট চলে না।* আজ তোমাকে দিয়ে উপলব্ধি করেছি অর্থের কাছে প্রেম-পিরিতি, ভালোবাসা সবই তুচ্ছ।

তুমি যে সুখের সন্ধানে ছুটছো সে সুখের নাগাল যেন পাও। তবে এ তিন বছরের দাম্পত্য জীবনে অনেক মান অভিমান হয়েছে। তোমাকে অনেক বকেছি, অনেক জ্বালাতন করেছি, অনেক কষ্ট দিয়েছি, নিজেও অনেক কষ্ট

পেয়েছি। এটা ছিল আমার ভুল। না বুঝে এ ভুলগুলো করেছি। আজ ভালোবাসা দিবসে তোমার কাছে অনুরোধ আমার এ ভুলগুলো, এ অন্যায়গুলো ক্ষমা করে দিও।

ইতি – তোমার **দুষ্ট** (অতীত)
ঢাকা থেকে

কাটা ভরা গাছ

- আলী ইবনে ওয়াদুদ

ভালোবাসা কাকে বলে কতো প্রকার ও কি কি? ভালোবাসা নামের অনুভূতিটা কোন জাতীয় দাড়িপাল্লা বা নিক্তিতে মাপা যায়? এ ধরনের কোনো প্রশ্নেরই উত্তর পাঠ্য বইয়ে নেই। অভিধানে প্রতিশব্দ থাকলেও প্রচুর ব্যাখ্যা নেই। ভালোবাসার উৎপত্তিস্থল, বিচরণ ক্ষেত্র, পরিধি পরিব্যক্তি, সময় উপযোগিতা সম্পর্কে তেমন কোনো তথ্য পাইনি। কবিদের কাব্যিক ছন্দে, শব্দ চয়নের ক্ষেত্রে জানা যায়, ভালো লাগা থেকে ভালোবাসার উৎপত্তি হয়। ক্ষেত্র বিশেষে আনন্দ বা বেদনায় পরিব্যপ্তি ঘটে। পাওয়া বা না পাওয়ার মাধ্যমে শেষ হয়।
আমি গোবেচারা টাইপের এক অধম। তবু আমার বিন্দুসম জ্ঞান ও বিবেকের কাছে প্রশ্ন করেছি বহুবার। অকাট মূর্খ বিবেক ভালোবাসার সংজ্ঞা দেয় নিম্নরূপ :

এক. মায়ের প্রতি ভালোবাসা শ্রদ্ধার। *দুই.* বৌয়ের প্রতি ভালোবাসা প্রণয়ের। *তিন.* সন্তানের প্রতি ভালোবাসা স্নেহের। *চার.* বন্ধু মহলের প্রতি ভালোবাসা শুভেচ্ছা ও প্রীতি বিনিময়ের।
আমার অতি পণ্ডিতি ভাবের বৌটিকে এ ধরনের কোচিং দিয়েছি তিনশ সত্তরবার। বুঝিয়েছি সাতশ নব্বইবার। হৃদয়ঙ্গম করতে বলেছি নয়শ নিরানব্বইবার। কিন্তু আমার কোচিং ফেল, গুরুগিরি ব্যর্থ।
সে সব সময় বলে, সব ভালোবাসা তোমার আগের বৌ নিয়ে গেছে। আমি পেয়েছি ছোবড়া। ছোবড়ার যা ছিল তা পেয়েছে তোমার মেয়েটা। অমন আহ্লাদে মেয়ে পৃথিবীতে আর কারো নেই। হারামি মেয়েটা তোকে জাদু করেছে?
বলুন, এর ওষুধ কি? আমার অপরাধ কোথায়? গণ্ডগোলের উৎস কোথায়? কোথায় সেই অঘটনের অশুভ গন্ধ? দয়া করে শুনুন পরের নিরর্থক ব্যথাময় পাণ্ডুলিপিটি।

এক. প্রত্যন্ত অঞ্চলের এক গ্রামে এই অধমের জন্ম। কোন কুক্ষণে কি কি কুলক্ষণ নিয়ে জন্মেছিলাম তা আমার জন্মদাতা ও জন্মদাত্রীই বলতে পারেন। কি কুফা জাতীয় ঘটনা ঘটেছিল তা তাদেরই জানা। বোধের বয়স থেকে দারুন অভাবে পড়ে গেলাম। বাধ্য হয়ে ক্লাস এইট থেকে বাড়ি থেকে পাচ কিলোমিটার দূরে জায়গীর নামের কারাগারে সশ্রম কারাদণ্ড হলো।
এক বছরে তিনবার লজিং বদলাতে হলো। কারণ আমি কুড়ে গরু, হালে ভালো টানি না। কেননা বাচ্চাদের পড়ালেও আমি ছিলাম হাফ মাস্টার হাফ কামলা। ছেলেমেয়ে জনাপাচেক পড়িয়েও আমাকে মাঝে মধ্যে ধান ভানা ও পানি আনা জাতীয় কাজটি করতে হতো। এটাকে ভাগ্য মনে করে মেনে নিয়ে চলছিলাম।
এক পর্যায়ে এক চাকরিজীবী ভদ্রলোকের বাড়িতে স্থান পেয়ে গেলাম। চারটি অমনোযোগী বাচ্চাদের পড়িয়ে তারপর নিজের পড়া, বিনিময় তিনবেলা উদর পূর্তির ব্যবস্থা।
এভাবে কেটে গেল এসএসসি ও এইচএসসি–র পড়াশোনা। তবুও যেন সৃষ্টিকর্তার অপার দয়ায় পরীক্ষা নামের খেয়াটা সহজেই পার হলাম।
একদিন হাতে মাত্র একশ টাকা ধরিয়ে দিয়ে মা গাড়ি ভাড়ার টিকেটসহ এলাকায় বড় ভাইয়ের মাধ্যমে আমাকে ঢাকায় পাঠিয়ে দিলেন। উদ্দেশ্য কামাই করে অলস ও বৃদ্ধ পিতা, গর্ভধারিণী মাতাসহ পাচজনের পরিবারের রুটিরুজির ব্যবস্থা করা।

ঢাকা ইউনিভার্সিটিতে অনার্স পড়ার সুযোগ পেয়ে গেলাম। কিন্তু ভর্তির টাকা কোথায়? আবারও লজিং মাস্টার হলাম। তাছাড়া মাথা গোজার ঠাই যে নেই!

অবশেষে লেখাপড়ার অবসান ঘটিয়ে চাকরি নামের সোনার হরিণের পিছে ছুটতে ছুটতে যখন জুতার তলায় আর মাংস নেই, হাটতে হাটতে যখন হাটু ধরে এসেছে, ইন্টারভিউ দিতে দিতে যখন পঞ্চাশ পঞ্চান্নটির মতো কার্ড জমা হয়েছে সেই সময় করুণানিধি দয়াময় আল্লাহর দয়া হলো। আইএ পাস থাকায় কেরানি পদমর্যাদার সামাজিক গুরুভার বহনের দায়িত্ব পেলাম মফস্বল শহর মেহেরপুরে। অভাগার সামনে প্রেম নামের বস্তুটি অদৃশ্য রয়ে গেল।

জীবনের প্রথম চাকরি কেরানিগিরি। বেতন সাতশ = চোদ্দশ পনেরো টাকার স্কেলে। সর্বমোট এগারোশ পচিশ টাকা। বেতন পাওয়ার আগেই বাড়ি থেকে চিঠি এলো টাকা পাঠাও।

বাড়িতে বাবা ও ভাই যা একটু কাজ করতেন সংসারের আমার চাকরির খবরে হাত পা ধুয়ে ক্ষেত থেকে ঘরে উঠে বসলেন। বাড়ির দরকার মাসে দুই হাজার টাকা। আমি বেতন পাই এগারোশ পচিশ টাকা। খাই কি, আর বাড়িতে পাঠাই কি!

ছয় মাস পর আবারও জনৈক হাজি সাহেবের বাড়িতে দুবেলা গুরুগিরির পরিবর্তে তিনবেলা গেলার ব্যবস্থা হলো। বেকার থাকার অসহায়ত্ব ঘুচলো বটে, কষ্টের দিনগুলোর শুরু হলো নতুন করে। এর মাঝে প্রেম এলো। বাড়িতে বিয়ের প্রস্তাব দিলাম। বাবা মা ভাই বোন কেউ রাজি হলো না।

অনেক সংগ্রাম আর সাহসী মোকাবেলায় বাবা মাকে রাজি করিয়ে কুমারত্বের অবসান ঘটালাম। কিন্তু অভাব আমার নিত্যসঙ্গী হয়ে স্বপ্ন বাসরে প্রবেশ করলো।

বেতন একটু বেড়ে ষোলশ টাকা হলো।

বিয়ের পরেরদিনই বৌকে পাচ বছর শ্বশুর বাড়িতে রেখে পড়ানোর অঙ্গীকার শ্বশুরপক্ষ ভুলে গেল। আমাকেই কাধে করতে হলো বৌ নামে নতুন বোঝাটাকে। ষোলশ টাকা বেতন পেয়ে বাসা ভাড়া দিই চারশ টাকা। বাড়ি পাঠাই পাচশ টাকা। বিদ্যুৎ বিল দিই একশ টাকা। তাহলে আমরা দুজন কি খাই? এ রকম অবস্থায় আমার ভালোবাসার পালানোর জন্য জানালা না খুজে দরজা দিয়ে চলে যাওয়ার উপক্রম হলো। বাধ্য হলাম টিউশনি শুরু করতে।

ইংরেজি ভালো জানা ছিল। সকাল-সন্ধ্যা কঠোর পরিশ্রম করি যার বিনিময়ে তিনবেলা দুজনার অন্ন সংস্থান হয়। অভাব নামের কাটাময় বিষ বৃক্ষের যন্ত্রণায় যখন আমার সংসার জর্জরিত তখনই ভালোবাসা নামের বস্তুটা সংসারের জানালা না খুলে দরজা দিয়েই তার পথ খুজে পেল।

চরম ভালোবাসার সংসারে অশান্তি দেখা দিল। বাবা মা সহ্য করতে পারেন না শ্বশুর-শাশুড়ির আমাদের বাড়িতে আসা-যাওয়া। আবার শ্বশুর শাশুড়ি তাদের একমাত্র মেয়েকে ঘরজামাই ছাড়া আমার কাছে দিতে অস্বীকার করলেন। দুই পরিবারের রেষারেষিতে বৌ একবার আমার সঙ্গে পালিয়ে গেল নতুন কর্মস্থল রাজশাহীতে।

ইতিমধ্যে প্রথম সন্তানের বাবা হয়েছি। বাবা-মা ও শ্বশুর-শাশুড়ির মাঝে চলমান যুদ্ধে আপাতত সন্ধি হলো। কিন্তু পরবর্তী যুদ্ধের জন্য চূড়ান্ত প্রস্তুতি চললো। গ্রামের বাড়িতে ১৯৯৬ সালের ঈদে আমার শ্বশুর-শাশুড়ি বৌকে নিতে এলেন। মিথ্যা কথা বললেন যে, আমি বৌকে তাদের সঙ্গে পাঠিয়ে দিতে বলেছি।

কিন্তু বাবা-মা ও ভাই-বোন তাদেরকে খারাপ ব্যবহার করে ফিরিয়ে দিলেন। ফলে ঈদ পরবর্তী দিনগুলোতে যখন নওগা বসবাস করছিলাম তখনই আমার শ্বশুর-শাশুড়ি, চাচাশ্বশুর, চাচি শাশুড়িসহ এক ব্যাটালিয়ন লোক ঝটিকা অভিযানে আমার বাসায় এলেন। আমার বৌকে আমার মতো জড় পদার্থের হাত থেকে উদ্ধার করতে।

তাদের বোঝালাম, অনুরোধ করলাম, বৌকে বোঝালাম এবং তাদেরকে ফিরিয়ে দেয়ার ব্যর্থ চেষ্টা করলাম। কিন্তু তারা আমার দুই বছরের পুত্র ও স্ত্রীকে জোর করে তুলে নিয়ে গেল।

কয়েকদিন পর আমার নামে যৌতুকের মামলা হলো। আগেই বলেছি, আমার স্ত্রীর একে তো বয়স কম, তার ওপর ক্লাস ফাইভ পাস। তার বাবা যা বোঝালেন তাই বুঝলো। আমার কথা চিন্তা করলো না বা তার একমাত্র পুত্রের কথাও না।

মামলা চলতে থাকাকালে পিতার অতি উৎসাহে পরকীয়া প্রেমে মগ্ন হলো তার বাবার জেলার এক সন্ত্রাসীর সঙ্গে। এক সময় আমার বাচ্চাকে তার বাবার বাড়িতে রেখে তার প্রেমিক মহোদয়ের সঙ্গে হাওয়া হয়ে গেল।

রাতে দুঃস্বপ্ন দেখেছিলাম। সকালবেলা সন্তানের খোজ নিতে টেলিফোন করে খবরটি পেয়ে গেলাম। কেদে-কেটে একাকার হলাম। হায়রে আমার প্রথম জীবনের প্রথম প্রেমের বিয়ে করা বৌ!

এর কিছু দিন পর শ্বশুর বাবাজি নতুন লিভিং টুগেদাররত জামাইবাবুর সঙ্গে তার মেয়ের বিয়ে ও আমার সঙ্গে তালাকের পর্বটি একই সঙ্গে একই দিনে শেষ করলেন। ভেঙ্গে গেল আমাদের পাচ বছরের সংসার। পিতৃহারা হলো আমার একমাত্র পুত্র আশিকুর রহমান।

দুই. স্ত্রী-পুত্রহারা নির্জীব জীবনে যখন একে একে তিনটা বছর পার করে দিলাম, অসহায় জীবন আর সহ্য হচ্ছিল না। একমাত্র পুত্রের মুখখানা তিন বছর দেখি না। ফরিদপুর শহরে তার মাস্তান স্বামীর দাপটে কোন সাহসে ছেলেকে দেখতে যাই! পুলিশের বড় বড় দুই কর্তার সাহায্য চাইলাম। ব্যর্থ হলাম। স্থানীয় রাজনৈতিক নেতা, কমিশনারসহ পৌর চেয়ারম্যানের শরণাপন্ন হলাম। কাজ হলো না। ছেলেকে দেখতে চাইলেও পারলাম না।

বুকে পাষাণ বেধে আবারও পিতা মাতার পরামর্শে বিয়ের পিড়িতে বসলাম। কিন্তু কথায় বলে, অভাগা যেদিকে চায় সাগর শুকিয়ে যায়। সুখ ও ভালোবাসা আমার কপালে সইলো না। যদিও স্ত্রী আমায় খুবই ভালোবাসতো এবং নিজের জীবন থেকেও আমাকে বেশি গুরুত্ব দিতো।

এর মধ্যে দ্বিতীয় সন্তান এবং প্রথম কন্যা সন্তানের বাবা হলাম। আনন্দ ও সুখ সাগরে ভাসতে লাগলাম। স্ত্রী, কন্যা নিয়ে নতুন এক চাকরিতে নতুন জেলায় পোস্টিং নিয়ে চলে এলাম। বছর না ঘুরতেই আমার স্ত্রী আবার মা হতে চললো।

২০০২ সালের ১৬ জানুয়ারি বিকাল তিনটার সময় তার দ্বিতীয় সন্তান পুত্র সন্তানের মা হলো এবং ওই দিনই রাত ৮টায় অতিরিক্ত রক্তক্ষরণের ফলে হাসপাতালে মারা গেল। আমি তখন তার কাছে থাকতে পারিনি। কর্মস্থলে ছিলাম।

একদিনের শিশু-পুত্রকে রেখে স্ত্রী চলে গেলে এক কন্যা দুই বছর ও এক পুত্র একদিনকে নিয়ে প্রিয়তমা স্ত্রীর শোকে পাথর হয়ে গেলাম। দুইটি বাচ্চার কিভাবে, কোথায়, কাকে দিয়ে মানুষ করবো সেই ভাবনায় অস্থির।

দুটি মাস স্ত্রীর কথা মনে করে ঘুমাতে পারিনি। আমার সারা অঙ্গে তার অঙ্গের সুবাস জড়িত বলে মনে হতো।

ছোট বোনের সহৃদয় সাহায্য সহযোগিতায় আমার একদিনের শিশুপুত্র সুস্থ হয়ে উঠলো। সেই সঙ্গে মাতৃহারা এই অবুঝ শিশুর দিকে একবার তাকিয়ে এলাকায় সর্বস্তরের মানুষ আল্লাহর কাছে আচল তুলে দোয়া করলো।

বোনের সংসারে অশান্তি দেখা দিল। তার স্বামী তাকে কাছে পায় না, সে আমার বাসায় আমার বাচ্চাদের নিয়ে থাকে। তার সংসারে ঝড় উঠলো। সেও বাধ্য হলো বিয়ে নামের চিরদণ্ডে আমাকে দণ্ডিত হওয়ার পরামর্শ দিতে।

তিন. সেজ বোনের দেখা ও পছন্দের পাত্রীকে তৃতীয়বারের মতো বিয়ে করলাম। আমার এতিম দুটা বাচ্চাকে লালন পালনের ভার দিলাম তার হাতে। কথায় বলে, *শান্তির পর পরই অশান্তি আসে*। আমার বাচ্চারা আমার স্ত্রীর কাছে শেয়াল-কুকুর হয়ে গেল।

একমাত্র মেয়েটাকে বেশি ভালোবাসি। এই অপরাধে একশ সত্তরবার মেয়েকে আমার কাছে শেয়ালো, অথচ আমার মেয়েটা চার বছরের শিশু। সে বলে, ছেলেটা মাকে খেয়েছে, মেয়েটা তোকে খাবে। এ ধরনের বক্তব্যসহ সারা রাত, সারা দিন ওই দুই বাচ্চার কবর খোড়ে, কাফনের কাপড় পরায়।

মাঝে মধ্যে ভাবি, আমি মানুষ, না আগুন, না পাথর? মানুষ হলে আমার এতো দুঃখ-কষ্ট সহ্য হয় কিভাবে? এর মধ্যে বর্তমান স্ত্রীরও এক পুত্রের জন্ম হলো। তার শিকড় আরো প্রোথিত হলো আমার সংসারে। তার অত্যাচারে বাধ্য হলাম চার বছরের মেয়ে ও দুই বছরের ছেলেকে বাসা থেকে সরিয়ে আবারও বাবা মায়ের কাছেও ছোট বোনের কাছে রেখে আসতে।

স্ত্রী চায় না আমার প্রথম স্ত্রীর একমাত্র পুত্র, দ্বিতীয় স্ত্রীর এক কন্যা ও এক পুত্রের কথা মনে রাখি। তাদের খোজখবর নিই বা টাকা পাঠাই। এতিম বাচ্চাদের বাড়ি পাঠিয়েও তার ঝগড়া, চেচামেচি ও অকথ্য ভাষার মহা মূল্যবান বাণী থেকে রেহাই পাই না। অথচ আমার সর্বশেষ সন্তানটি (দেড় বছর) আপা ও ভাইয়া ভাইয়া করে কাদে।

ভালোবাসা নামের বস্তুটি আমার জীবনে অভিশাপ। ভালোবাসাহীন জীবনটাকে ও হৃদয়হীন স্ত্রীকে নিয়ে, কতোদিন এভাবে যন্ত্রণাময় বিষ বৃক্ষের উপর দিয়ে আমার এ নগ্ন পদযাত্রা? কতো দিন চলবে কে জানে? কোথায় শেষ হবে কে বলবে? ভালোবাসা আর চাই না। এখন জীবন থেকে নিষ্কৃতি চাই।

বগুড়া থেকে

বংশধরের জন্মদিন

- ঝলক

সামরিক কর্মকর্তা, সেই সঙ্গে একক এবং গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত থাকায় ব্যস্ততায় দিন কেটে যাচ্ছিল। তাই ভালোবাসা দিবস মানেই ছিল যাযাদির বিশেষ সংখ্যার পাঠক করে নিজেকে অন্যদের জীবনে ঘটে যাওয়া ঘটনা প্রবাহের সঙ্গে সম্পৃক্ত করা। সেই আমার জীবনেও ভালোবাসা এসে যায় একেবারে হঠাৎ করেই। পরিবারের আপনজনদের মাঝে হঠাৎ করেই লক্ষ্য করলাম আমাকে নিয়ে অধিক ব্যস্ত হয়ে যাওয়া। ঠিক এ সময়ই বাড়ি থেকে আদেশ এলো কয়েকদিনের ছুটি নেয়ার।

আমার অনুপস্থিতিতেই কনে বাছাই চূড়ান্ত হয়েছিল এবং নির্দিষ্ট দিন-ক্ষণে অর্থাৎ বছরের বড় দিনে সকলের গৃন সিগনাল পেয়ে এনগেজমেন্টের পরিকল্পনা বাদ দিয়ে একেবারে রেজিস্ট্রিসহ বিয়ে হয়ে গেল। শুরু হয়ে গেল জীবনের একেবারে নতুন এক অধ্যায়ের।

বাসরঘরেই প্রথম দুজনের একান্তে কথাবার্তা হলো। সারা দিনের ক্লান্তিতে আমার নববধূ আমার সম্মতিতেই মাঝরাতে ঘুমিয়ে পড়েছিল যা নিয়ে পরবর্তীকালে এখন পর্যন্ত তাকে অনুশোচনা করতে দেখা যায়। আমার সেই ভালোবাসার মানুষকে সারা রাত নিবিষ্ট মনে দেখতে থাকলাম ভবিষ্যতের সুখ কল্পনায়।

খুব ভোরে নববধূ চোখ খুলে দেখতে পায় ঘুমহীন চোখে অপলক তার দিকেই তাকিয়ে আছি। সঙ্গে সঙ্গেই আবেগ আপ্লুত হয়ে সে নিজেকে আমার বুকের মাঝে পরম নির্ভরতার সঙ্গে সমর্পণ করে দেয়।

এর সঙ্গে সঙ্গেই রচিত হয় আমার জীবনের ভালোবাসা গল্পের সূচনা পর্বের। আস্তে আস্তে পেতে শুরু করলাম ভালোবাসার বৈধ এবং পবিত্র রূপ, রস, গন্ধ।

জীবনের বিভিন্ন সময় যখন বন্ধু-বান্ধব, কোর্সমেট এবং সহপাঠীদের ভালোবাসার রোমাঞ্চকর অভিজ্ঞতার কথা শুনতাম তখন তাদের প্রতি মনের অজান্তে হিংসা হতো যে, তারা কতো ভাগ্যবান! কিন্তু বর্তমানে যখন দেখতে পাই ব্যক্তি জীবনে তাদের অধিকাংশই সফল হয়নি তাদের সেই ভালোবাসাকে পূর্ণতা দেয়ার ক্ষেত্রে তখন

নিজেকেই অধিক সৌভাগ্যবান বলে মনে হয়। কারণ এতো দিনে জেনে গেছি যে, আমাকে নিজের জীবনের চেয়েও বেশি ভালোবাসার মতো একজন রয়েছে। সে আমার স্ত্রী প্রমি।

তার সকল আবদার, অভিমান, ছেলেমানুষি সব যেন আমাকে ঘিরেই। তাই তো যতোক্ষণ এক সঙ্গে থাকি আমাকে চোখের আড়াল করতে চায় না। এমনকি আমার কথা চিন্তা করে নিশ্চিন্তে নিজের পড়াশোনার ক্ষতি করতেও তার এতোটুকু দ্বিধা হয় না।

কর্তব্যের খাতিরে অনেক সময়ই আমাকে দূরে থাকতে হয়। তখন বুঝতে পারি, প্রমি আমার জীবনের কতোটুকু পরিমাণ জুড়ে আছে। সারাক্ষণই মন পড়ে থাকে তার কাছে। আমি জানি ঠিক এমনটিই ঘটছে তার মাঝেও।

আজ যখন এই লেখাটি লিখছি তখন আমি পার্বত্য চট্টগ্রামের ঘাঘরা নামের একটি ক্যাম্পে। কিন্তু আমার মনটা পড়ে আছে ঠিক তার কাছে। কয়েকটা দিন পরেই আমাদের দ্বিতীয় বিয়েবার্ষিকী। আমি এখন সেই দিনটার জন্যই অপেক্ষা করে আছি।

মহান সৃষ্টিকর্তার অশেষ রহমতে ইনশাআল্লাহ জীবনের ভালোবাসার পূর্ণতার স্বীকৃতি স্বরূপ আগামী ফেব্রুয়ারির ১৪ তারিখ অর্থাৎ ভালোবাসা দিবসে আমরা আমাদের প্রথম বংশধরের আগমনের অপেক্ষায় আছি আলট্রাসনোগ্রাম অনুযায়ী। ভালোবাসাময় এই বিশেষ দিনে আমাদের ভালোবাসার অমূল্য ধনের এ আগমনই আমাদের জীবনের শ্রেষ্ঠ উপহার হিসেবে অটুট থাকুক, সারা জীবন সেই কামনা করি। সবাইকে ভালোবাসা দিবসের শুভেচ্ছা। প্রমি তোমাকেও।

পার্বত্য চট্টগ্রাম থেকে

লিটল এনজেল

নিঃস্বার্থভাবে কাউকে স্নেহ করলে, ভালোবাসলে যে পরিণামে প্রচণ্ড কষ্ট পেতে হয় তা আমার জীবন থেকে উপলব্ধি করতে পেরেছি। আমি আমার জীবনে ঘটে যাওয়া একটি সত্য ঘটনা পাঠকদের উদ্দেশ্যে উপস্থাপন করছি যাতে করে কেউ কখনো আমার মতো প্রতারিত না হয়।

২০০১ সালের শেষ দিককার কথা ১১ বছরের অসুস্থ একটি ছোট ছেলের প্রতি সহানুভূতি দেখাতে গিয়ে পরম মমতায়, স্নেহের বাধনে ছেলেটির প্রতি জড়িয়ে গেলাম পিতা-পুত্রের ভালোবাসার বন্ধনে। অদ্ভুত একটা টান অনুভব করতাম ছেলেটির প্রতি।

প্রায়ই সে আমাকে বাবা বলে ডাকতো।

ছেলেটির আচার-আচরণ এমন ছিল যেন আমি সত্যিকার অর্থেই তার বাবা হয়ে গেছি। আমার প্রতি ছেলেটির শ্রদ্ধা-ভক্তি আর ভালোবাসায় কোনো কৃত্রিমতা খুজে পাইনি।

আমার এই ক্ষুদ্র জীবনে এতো স্নেহ, মায়া, মমতা, ভালোবাসা আর কাউকে কখনো দিইনি। যতোটুকু এই ছেলেটিকে দিয়েছিলাম। সে ছিল আমার Little Angel (লিটল এনজেল)। প্রতিদিন ছেলেটি আমাকে টেলিফোন করে বলতো, বাবা, আমি তোমাকে খুব বেশি ভালোবাসি।

ছেলেটিকে কখনো নাম ধরে ডাকিনি। সব সময় *বাবা* বলে ডাকতাম। কতোটুকু গভীরভাবে ভালোবাসলে একটি ছোট্ট ছেলেকে নাম না ধরে ডেকে শুধুই বাবা বলে ডাকা হয় তা পাঠকরা একটু উপলব্ধি করুন!

ছেলেটির বাবা আমার কলিগ ছিলেন। কিন্তু ছেলেটির বাবা মা এবং তার পরিবার সম্পর্কে আমার তেমন কোনো ধারণা ছিল না। টেলিফোনই ছিল যোগাযোগের মাধ্যম। ঢাকাতেই ওদের বাসা।

হঠাৎ ছেলেটি বেশি অসুস্থ (শ্বাসকষ্ট ছিল) হওয়াতে ওদের বাসায় গেলাম। আমাকে ওরা এমনভাবে আপ্যায়ন করলো যেন আমি ওদের পরিবারের একজন, এমনকি মধ্যমণি। কিন্তু ক্ষুণাক্ষরেও ওদের চরিত্রের দিকগুলো ধরতে পারিনি। নিখুত অভিনয়ের মাধ্যমে আমাকে ফাদে ফেলা হলো। পরে তা বুঝতে পেরেছি। স্বামী-স্ত্রী দুজনেই ফ্ভাবে সব কিছুতে অভ্যস্ত (মদ, মেয়ে মানুষ, পরপুরুষ), উচ্ছৃঙ্খল জীবন-যাপন তাদের যা বাইরে থেকে বোঝার কোনো উপায় নেই।

ছেলেটিকে নিজ সন্তানের মতোই ওর সব চাহিদা পূরণ করতে চেষ্টা করতাম। ওর বাবা মায়ের ব্যাপারে কখনো নাক লগাইনি। শুধু বলতাম, তোমরা যদি ভালো না হও তবে তোমাদের সন্তান নষ্ট হয়ে যাবে।

কিন্তু ওরা আমার কথায় কোনো পাত্তা দিল না।

একদিন ছেলেটির দাদির মাধ্যমে শুনলাম মাত্র তেরো বৎসর বয়সে ক্লাস সেভেনে পড়া অবস্থায় তার চরিত্রের অবনতির কথা। বাসার কাজের মেয়ের সঙ্গে শারীরিক সম্পর্কের কথা।

আমার বিশ্বাস করতে কষ্ট হচ্ছিল। প্রচণ্ড কষ্টে আমার বুকটা ভেঙে গেল। আমার চোখের পানি ধরে রাখতে পারলাম না। অঝোর ধারায় কেদে ফেললাম। আমার মন ভেঙ্গে গেল। খেতে পারিনা, ঘুমুতে পারি না ছেলেটির কথা ভেবে। অথচ ছেলেটির বাবা মা এসব শুনে নির্বিকার যেন এটা তেমন কোনো ব্যাপারই না।

রক্তের ধারা যাবে কোথায়? যে বাবা মায়ের রক্ত তার শরীরে প্রবাহিত সে রক্ত তো আর বদলানো যাবে না!

বুকে অনেক কষ্ট নিয়েও সরাসরি ছেলেটিকে অনেক বোঝালাম। কিন্তু ছেলেটি আমার কথা গ্রাহ্য করলো না। এমন ভাব করলো যেন, তুমি আবার কে আমার কাজে বাধা দেয়ার?

আমি অবাক বিষ্ময়ে তাকিয়ে থাকলাম। এই কি আমার লিটল এনজেল?

ছেলেটির জন্য অকাতরে টাকা খরচ করতাম। ফলে সে যোগ্য বাবা মায়ের মতো আমার দুর্বলতার সুযোগ নিয়েছে। যার সদ্ব্যবহার তার বাবা-মাও করেছে। মানুষ কতোভাবেই না প্রতারিত হয়। ছোট্ট একটা ছেলের ভেতর এতো লোভ থাকতে পারে, স্বার্থপর হতে পারে যা কখনো কল্পনাও করিনি।

আজ আমার সন্তান হয়েছে। তাকে যখন বুকে নিয়ে আদর করি তখন সেই ছেলেটির মুখ ভেসে ওঠে। দু ই চোখে পানি চলে আসে। আমার স্ত্রী তখন বলে, নিশ্চয়ই লিটল এনজেলের কথা মনে পড়েছে।

অতিরিক্ত ভালোবাসা থেকেই হয় ঘৃণার জন্ম। তাকে প্রচণ্ড ঘৃণা করি, ঘৃণা করি তার বাবা মাকে। কাউকে ঠকাতে গেলে নিজেকে ঠকতে হয়। তাই চিরাচরিত কথাটি একদিন অবশ্যই ছেলেটি বুঝতে পারবে। আমার অকৃত্রিম, নিঃস্বার্থ স্নেহ, মায়া, মমতা আর ভালোবাসার দাম যখন বুঝতে পারবে তখন সে কাদবে।

নাম প্রকাশে অনিচ্ছুক

ঢাকা থেকে

মিলন আংকল

জুলি

আপনি এখন কোথায় আছেন, কেমন আছেন? খুব দেখতে ইচ্ছে করছে। তিন বছরে আপনি হয়তো আমাকে ভুলে গেছেন। যাবারই কথা, একদিনের ভালো লাগা! ভালোবাসার কথা কতোদিনই বা মনে রাখা যায়!

আপনার সব কথা মনে রেখেছি। পটপট করে বলতে পারি। কিন্তু বলার মানুষটাকে কাছে পাচ্ছি না। যদি দুজনাতে কোনোদিন দেখা হয়, সেদিন পটপট করে বলতে থাকবো, আপনি শুনতে থাকবেন। আর আপনি মিষ্টি কণ্ঠে দুষ্টু করে গান গাইবেন, আশ্চর্য হয়ে দুই গালে হাত দিয়ে গান শুনবো। কোন গানটা জানেন? *তুমকো হামিসে চুরালো।*

আপনি কি জানেন, কি সুন্দর করে এই গানটা গাইতে পারেন? প্রশংসাও বহুবার করেছিলাম। তবে সরাসরি কথা বলার মতো সাহস আমার ছিল না। তাই তো আপনাকে ভালো লাগার কথাটি বলা হলো না। টেলিফোনে আপনার গানের প্রশংসা করেছিলাম। ভেবেছিলাম টেলিফোনেই জানাবো আমার ভালোবাসার কথাটি। কিন্তু সেটা বলার আগেই আপনি আমাকে ছেড়ে পালিয়ে চলে গেলেন।

অনেকবার আপনার অফিসে ফোন করেছিলাম।

কিন্তু পাইনি আপনাকে। ছোট ভাইয়ের (E) কাছে জানতে পারলাম আপনি ঢাকা চলে গেছেন। কেন আপনি বরিশাল থেকে ঢাকা চলে গেলেন, আমাকে জানানোর প্রয়োজনও মনে করলেন না? যদি এভাবে চলেই যাবেন তবে আমার হাত ছুয়েছিলেন কেন? কেনে আপনি লিখেছিলেন, ইউ আর সো বিউটিফুল, আই লাভ ইউ।

সবই যদি অভিনয় হয় তবে আমাদের মতো মেয়েদের সঙ্গে নয় এফডিসি-তে যান, সিনেমা করুন, বহুবার এসব ভালোবাসার অভিনয় করতে পারবেন। আমি তো আপনার আশায় বুক বেধে রেখেছি। আমার চাওয়া–পাওয়া অল্প। শুধু মরণের আগে আরেকবার আপনাকে দেখতে চাই।

মাঝে মধ্যে খুব কষ্ট পাই। মনে মনে বলি পৃথিবী যখন গোল, দেখা নিশ্চয়ই হবে। এপারে না হোক, পরপারে তো দেখা হবেই। সেদিন না হয় অজানা প্রশ্নের উত্তরগুলো জেনে নেবো।

এখন ঢাকাতে আছি। কলেজে পড়ছি। যদি এ লেখাটা চোখে পড়ে তবে অনুগ্রহ করে একবার, শুধু একবার ফোন করুন। কিছু বলার দরকার নেই, শুধু আমার নামটা ধরে একবার ডাক দিন। দেখবেন শতবার উত্তর দেবো। ফোন নাম্বার...

ঠিকানা প্রকাশে অনিচ্ছুক

শরীর

প্রিয় লাভলু, তোমাকে প্রিয় বলে সম্বোধন করলাম। কারণ তুমি আমৃত্যু আমার প্রিয় থাকবে। ২১ নভেম্বর তুমি চলে যাওয়ার পর থেকে আমার কানে সারাক্ষণ কিছু কথা বাজতো।

কথাগুলো হচ্ছে – I don't want to continue this relationship anymore. এই সম্পর্ক আমি আর চালিয়ে যেতে চাই না। আমি সত্যিই চাই না। আমি আর তোমাকে ভালোবাসি না। আমি এখন তটিনীকে ভালোবাসি, শুধুই তটিনীকে।

তাই ভয়ে ভয়ে রিং করলাম। তুমি হ্যালো বলামাত্রই হার্ট বিট বেড়ে গেল। ভয়ে গলা শুকিয়ে আসছিল, তুমি বুঝি কথাগুলো বলেই ফেললে। কিন্তু তুমি কথা বললে খুবই আন্তরিক ভঙ্গিতে। আমার ভয়টা তীব্র হতে শুরু করলো।

সিদ্ধান্ত নিলাম তোমাকে বলবো, তুমি যে রকম সম্পর্ক আমার সঙ্গে রাখতে চাও আমি তাতেই রাজি। এই কথাটা বলার জন্যে ফোন করেছিলাম ২৮ তারিখ। কিন্তু কথাটা বলার সৌভাগ্য আমার হলো না। তুমি কেমন আছো এই প্রশ্নটা তিনবার করার পরও যখন জানতে চাইলে না আমি কেমন আছি তখনই একটু অবাক হয়েছিলাম। তারপর ফোন করতে টাকা লাগে না কথাটা যখন বললে তখনও কিছুটা আহত হয়েছিলাম। তবে কথাটা গায়ে লাগাইনি। ফোনে মেয়ে কণ্ঠস্বর শুনে ভেবেছিলাম সালমা। কিন্তু কণ্ঠস্বর সে লাভলুর wife, এই কথাটা যখন বললো, তখন তাকে চিনলাম। তার আত্মবিশ্বাসী, দৃঢ় কণ্ঠস্বর আমাকে বিস্মিত করলো। আট নয় মাসের রিলেশনে সে এতোখানি প্রত্যয় নিয়ে বলছে, সে তোমার ওয়াইফ! ছয় বছর ভালোবেসে আমিও নিজেকে তোমার ওয়াইফ ভাবতে পারি, She should know it. তাই আমিও একই কথা বলেছিলাম।

২১ তারিখ থেকে ২৮ তারিখ পর্যন্ত তুমি বলতে পারো এ রকম অনেক নেগেটিভ কথা ভেবেছি। কিন্তু ভুল করেও ভাবিনি তুমি আমাকে গালাগালি করতে পারো। আমাকে বিস্মিত করে দিয়ে তুমি গালাগালিই করলে। কিছুতেই বিশ্বাস করতে পারছিলাম না, তুমি আমাকে *শুয়োরের বাচ্চা, কুত্তার বাচ্চা* বলতে পারো! আমার

শুধুই মনে হচ্ছিল আমার শুনতে ভুল হয়েছে। কথাগুলো তুমি নিশ্চয়ই আমাকে বলোনি। কারণ তুমি এমন কথা আমাকে বলতে পারো না যেহেতু তুমি একজন বিশিষ্ট ভদ্রলোকের সন্তান। তুমিও শিক্ষিত ভদ্রলোক। তাছাড়া আমি তোমার সাবেক প্রেমিকা। এক সময় তুমি আমাকে ভীষণ ভালোবাসতে। বলবেই বা কেন, আমি তো তোমাকে কোনোভাবে বিব্রত কিংবা বিরক্ত করতে চাইনি কখনো। আমার মনে হচ্ছিল ব্যাপারটা বাস্তবে ঘটছে না, এটা দুঃস্বপ্ন। ভীষণভাবে চাইছিলাম পুরো ঘটনাকে দুঃস্বপ্ন ভাবতে। তোমার প্রতি অপরিসীম ভালোবাসা আমাকে এমনটা ভাবাতে চাইছিল।

কিন্তু ব্যাপারটা সত্যিই ঘটেছে যখন বুঝলাম, কথাগুলোকে সত্যি বলে ভাবতে পারছিলাম কিছুটা হলেও ঠিক তখনই আমাকে রীতিমতো হতবাক করে দিয়ে তুমি *মাগী তুই* বললে, আমাকে অন্য পুরুষের খোজে নামতে বললে। কারণ তোমার বৌ আছে, বিয়ে না করা বৌ যাকে তুমি পছন্দ করো না (তুমি বলেছিলে)। যার তুলতুলে একটা শরীর আছে তোমার খেদমতে। মাঝে মাধ্যেই ওই সাড়ে চার ফিটি শরীরের অলিগলি তুমি ঘুরে বেড়াও। পায়ের নখ থেকে চুলের গোড়া পর্যন্ত সাতার কাটো তুমি। তাই ও সাড়ে চার ফিটি ফুটবল (তোমার ভাষায় শাদা বিড়াল) তোমার বৌ।

ছয় বছর ধরে তোমাকে ভালোবাসি। তাই তোমার ভাষায় *মাগী যার মানে বেশ্যা*। আমার জীবনের সমস্ত চাওয়া পাওয়া তুমি কেন্দ্রিক। ফলে আমি বেশ্যা। তোমাকে জড়িয়ে জীবনের সমস্ত পরিকল্পনা করেছি, এ জন্য আমি বেশ্যা। গত ছয় বছরে কোনো ছেলের প্রতি আকর্ষণ বোধ করিনি, কাউকে ভালো লাগেনি এ কারণে আমি বেশ্যা। তোমাকে, তোমার বাবা–মাকে তোমার বোনকে সবচেয়ে আপন ভেবেছি বলেই আমি বেশ্যা। তোমাকে ভালোবেসে তোমার সন্তানের মা হতে চেয়েছি তাই আমি বেশ্যা। বাবা–মা, ভাই–বোনের ভালোবাসাহীন এই জীবনে তোমার ভালোবাসা, তোমার পরিবারের ভালোবাসা নিয়ে কাটাতে চেয়েছি এ জন্য আমি বেশ্যা। আমার শরীরটা তোমাকে কখনো সাধিনি এ কারণে আমি বেশ্যা। শুধু তোমাকে ভালোবেসেছি শুধুই তোমাকে। ফলে আমি তোমার দৃষ্টিতে বেশ্যা। আর কি কি কারণে আমি বেশ্যা kindly একটু বলে যাবে! আমার যে খুব জানতে ইচ্ছা করে?

আমার জন্য আরো যে অনেক বিস্ময় সামনে অপেক্ষা করছে সেটা ভুলেও ভাবিনি। Just তোমার কণ্ঠস্বরটা একটু শুনবো বলে সে রাতে রিং করেছিলাম। কিন্তু ফোনটা তোমার বৌ ধরলো এবং আমার ফ্রেন্ড আমি হয়ে গালি দিল। কাজটা আদৌ অন্যায় ছিল না। কারণ বেশ্যারা এ রকম গালিগালাজ করবে এটাই স্বাভাবিক। আমি তো তোমার কাছে, তোমার বৌ–এর কাছে বেশ্যা, তাই না? তুমি সৎচরিত্রবান পুরুষ ভাইয়াকে বিচার দিলে। তুমি খুব ভালোভাবেই জানতে, ভাইয়া কি ভয়াবহ শাস্তি আমায় দেবেন। এটা ভেবে মহা আনন্দে অবিবাহিত স্বামী–স্ত্রী নিশ্চয়ই নেচেছো।

তোমাদের উল্লাসটা দীর্ঘস্থায়ী করার জন্যে বলছি, ভাইয়া শাস্তি দিয়েছেন। তিনি আমার পড়াশোনা বন্ধ করে দিয়েছেন। এই জানুয়ারি মাসটা বরিশালে আছি। আপুর পরীক্ষা শেষ হলেই চলে যাচ্ছি চিরতরে। আর মাত্র পনেরো বিশ দিন আছি আমার পৃথিবীতে। তারপর গৃহবন্দী জীবন। সব কিছু, সমস্ত হারিয়ে বাসায় যাচ্ছি।

কি। খুশি তো?

যাই হোক। বেশ্যাদেরও তো কাউকে ভালোবাসার অধিকার আছে, স্বপ্ন দেখার অধিকার আছে, তাই না! ফলে আমিও স্বপ্ন দেখি তোমাকে পাওয়ার। আজও দেখি। এতো কিছুর পরও দেখি। অবশ্য একটু দেরিতে হলেও বুঝতে পেরেছি তোমার কৌমার্য অটুট নেই। Already you have lost it. তুমি যদি আরো বহুজনের সঙ্গে শারীরিক সম্পর্কে যাওয়ার পরও আমাকে বিয়ে করতে চাও, আমি করবো। আমি আমার মন এবং শরীরের সবটুকু বিশুদ্ধতা দিয়ে তোমাকে আমার করে নেবো। কারণ আমি তোমাকে ভালোবাসি।

তুমি পৃথিবীর যে প্রান্তে থাকো, আমার শুভ কামনা তোমার সঙ্গে থাকবে। যাকেই বিয়ে করো নিজে নিজে নিশ্চিত হয়ে নিও যে, তুমি তাকে ভালোবাসো। তাকে তোমার মন চাইছে। শুধু শারীরিক প্রয়োজনে বিয়ে করো না। ভালো থেকো।

নাম ঠিকানা বিহীন

১০ জানুয়ারি ২০০৫

পরাজিত রাজকন্যা

– নাজমুন নাহার মুক্তা

শ্রাবণ এসেছিল। তুই ঘুমোচ্ছিস শুনে বললো, থাক আন্টি, ডাকতে হবে না। রাজকন্যার স্বপ্নে ব্যাঘাত ঘটতে পারে। এক ঘণ্টা অপেক্ষা করেছে। পাচ মিনিট আগে ঘুম থেকে উঠলেই দেখা হতো। মা বললেন আমাকে।

শ্রাবণভাইয়া এসেছিল! যাকে নিয়ে আমার এতো স্বপ্ন, যাকে নিয়ে আমার হারিয়ে যেতে ইচ্ছে করে অনন্তের মাঝে, যার সঙ্গে স্বপ্নে ঘুরে বেড়াই নায়াগ্রা, নীলনদ, কাঞ্চনজংঘা, যার হাত ধরে চোখে চোখ রেখে এক জীবন কাটিয়ে দিতে ইচ্ছে করে সে আমার জন্য এক ঘণ্টা অপেক্ষা করে বসেছিল!

ইচ্ছে করে এই পনেরো তলা বিল্ডিংয়ের ছাদে গিয়ে চিৎকার করে বলি, *আমার চেয়ে সুখী আছে কি কেউ এই পৃথিবীতে?* আনন্দে আমার মরে যেতে ইচ্ছে করে। মনে হয় এ আনন্দটুকু নিয়েই মরে যাই।

বাবার বন্ধুর ছেলে শ্রাবণভাইয়া। দুই পরিবারের খুব ভালো সম্পর্ক। এতো ভালো যে, ওদের বাসায় আমার একটা আলাদা রুম আছে যে রুমে আমি ছাড়া অন্য কারো থাকার অনুমতি নেই। এমনকি বাসায় অনেক গেস্ট এলেও না।

মা, খুশি গলায় বলেন, জানিস, শ্রাবণের বিয়ে। শেষ রোজার দিন বিয়ে। ওর নাকি অনেক দিনের ইচ্ছে ঈদের আগের দিন বিয়ে করার। নতুন বৌকে নিয়ে ঈদ করবে। পাগল ছেলে। তোকেই প্রথম ইনভাইট করতে এসেছিল। তুই নাকি এ পৃথিবীর সবচেয়ে সুখী মানুষ। তাই তোকেই ...।

মায়ের কথাগুলো আমার কানে আসছিল ঠিকই কিন্তু আমি বুঝতে পারছিলাম না ঠিক কি শুনছি।

মুহূর্তেই আমার সাজানো পৃথিবীটা ভেঙে যায়। শুনে হয় কোনো এক টর্নেডো আমার ভেতরটা ওলট–পালট করে দিয়ে গেল এক নিমেষেই। আমার গলা শুকিয়ে কাঠ হয়ে আসে। বোবা দৃষ্টিতে তাকিয়ে থাকি মায়ের দিকে।

মা আবার বলেন, রিমিকে তো চিনিস, শ্রাবণের সঙ্গে পড়ে। ওর সঙ্গেই বিয়ে। গতবার যখন ওদের বাসায় যাই তখনই বিয়ের তারিখ ফাইনাল হয়। শ্রাবণ তোকে বলতে নিষেধ করেছিল। একেবারে কার্ড দেখিয়ে তোকে নাকি সারপ্রাইজ দেবে। এ জন্যই বলা হয়নি।

প্রচণ্ড কষ্ট হয় আমার। শাওয়ার ছেড়ে অনেকক্ষণ কাদি। কখনো ভাবিনি এক জীবনে এতো কাদতে হবে। মনে হয় পনেরো তলা বিল্ডিংটা আমার ওপর ভেঙে পড়ছে। ঢুকে আছি এক ধ্বংস স্তূপের মাঝে যেখান থেকে বের হওয়ার কোনো উপায় নেই। অথচ তুমি হাত বাড়ালেই ...।

রাতে ফোনে কথা হয় তোমার সঙ্গে। তুমি বিয়ের শপিংয়ের পুরো দায়িত্ব দিলে আমার ওপর। বললে, তোর মতো এমন ভালো বন্ধু আমার আর নেই। রিমির অনেক প্রশংসা করলে। তুমি এতো আনন্দে ছিলে যে, আমার কান্না জড়ানো কণ্ঠ তোমার কাছে স্বাভাবিক মনে হয়েছে।

একবার মনে হয়েছিল সব বাধাকে তুচ্ছ করে তোমাকে সত্য কথাটা বলেই ফেলি। তুমি কি একটুও বোঝোনি আমি তোমাকে ...।

ফোন রেখে চোখ বন্ধ করে স্রষ্টার কাছে প্রার্থনা করি। আমার এই বাইশ বছরের জীবনে এতো গভীর ও অসহায়ভাবে কোনোদিনও কিছু চাইনি।

মনে আছে তিন বছর আগে তোমার সেই জন্মদিনের কথা? আমি শাদা একটা শাড়ি পরেছিলাম। চুলগুলো ছিল পিঠের ওপর ছড়ানো। কপালে ছোট্ট একটা কালো টিপ।

তুমি দরজা খুলে বললে, ওয়াও! তোকে একদম গৃক দেবীর মতো দেখাচ্ছে। তারপর চিৎকার করে আন্টিকে ডেকে তোমার সব বন্ধুদের সামনে বললে, মা দেখো, আমাদের রাজকন্যাকে একদম গৃক দেবীর মতো দেখাচ্ছে। তাই না?

আন্টি কপট রাগ দেখিয়ে বলেন, না। একদম না। বরং গৃক দেবী আমাদের রাজকন্যার মতো।

তারপর থেকে তুমি আমায় ডাকতে দেবী।

কিছুদিন পর তোমাদের বাসায় যাই। তুমি বাসায় ছিলে না। আর আন্টি ছিলেন আমার প্রিয় আইটেম রান্না করায় ব্যস্ত।

গল্পের বই খুজতে তোমার রুমে যাই। টেবিলের ওপর ডায়রিটা দেখে অন্যায় জেনেও খুলি। শুধু প্রথম পৃষ্ঠায় লিখেছো, তোমার জন্মদিনের রাতে।

লিখেছো, *দেবী, আমার খুব ইচ্ছে করে তোমার দুই হাত আলতো করে ধরে চোখে চোখ রেখে বলি, দেবী, জীবনটা বদলাবে? চলো জীবনটা বদলে ফেলি। চলো সব স্বপ্নগুলো পূরণ করি। দেবী, চলো তোমাতে–আমাতে মিলে পৃথিবীটা হাতের মুঠোয় আনি। দেবী, যাবে?*

ডায়রিটা নিয়ে তোমার খাটে ধপ করে বসে পড়ি। অনেকবার পড়ি লেখাটা। কতোবার তার হিসাব জানা নেই। আমার জন্য এতো বিস্ময়, এতো আনন্দ থাকতে পারে তা কখনো ভাবিনি! আমার ভেতর আনন্দের বন্যা বয়ে যায়। নিজেকে সারা বিশ্বের সম্রাজ্ঞী মনে হয়।

বাসায় ফিরে তোমাকে ফোন করি।

তুমি ফোন ধরেই বললে, এই বুদ্ধু, আরেকটু অপেক্ষা করলে কি *মহাভারত* অশুদ্ধ হয়ে যেতো?

হেসে বলেছিলাম, দেখো, ঝগড়া বাধানোর চেষ্টা করবে না। আজকে আমার ঝগড়ার মুড নেই।

তো দেবী, আপনার মুড আজ কোনদিকে প্রবাহিত?

জানি না।

জানতে হবে না। আগামীকাল তোর সময় হবে? এই ধর দুপুর একটার দিকে? বাইরে লাঞ্চ করবো। তারপর একটা কাজ আছে। এখন তোকে বলা যাবে না। দেবী, সময় হবে?

মনে মনে বলি, তুমি চাইলে না করি সেই সাধ্য আছে কি আমার? কিন্তু মুখে বলি, আগামীকাল আমার ক্লাস নেই, সারা দিন বাসায় আছি।

ওকে। তোকে বাসা থেকে পিক করবো।

পরদিন বাসায় এসেই তুমি বললে, কি রে, রেডি?

হ্যা, রেডি। কিন্তু মা তোমাকে খেয়ে যেতে বলেছেন।

খেয়ে যেতে বলেছেন মানে? আমরা বাইরে লাঞ্চ করবো না?

মা গোসলে। একটু অপেক্ষা করো, মা বের হলে সেটা তাকেই জিজ্ঞাসা করো।

মাকে তুমি বললে, খেতে পারি এক শর্তে, যদি তুমি খাইয়ে দাও।

আমি বলি, মা, এতো বড় ধামড়া ছেলেকে খাইয়ে দিচ্ছ কেন?

তুমি আমার চুল ধরে জোড়ে একটা টান দিয়ে বললে, শোন পচু, মায়ের কাছে ছেলেমেয়েরা কখনো বড় হয় না। বুঝেছিস?

ন্যাকা। আদর কুড়ানোর যতো ঢং!

মা বলেন, আহা! শুধু শুধু ছেলেটার পেছনে লেগেছিস কেন?

শোনো মা, আমি কারো পেছনে লাগিনি। সত্য কথা বলছি।

কোথায় যাবে তা তো বললে না?

তুমি খুব রেগে বললে, এতো প্রশ্ন করিস কেন? বলেছি একটা কাজ আছে। আমার সঙ্গে যাবি, ব্যস। যেতে ইচ্ছে না করলে বল কেটে পড়ি।

তুমি এতো বিশ্রীভাবে কথা বলছো কেন? ঠিক আছে, চলো।

শোন, এখন আমরা জুয়েলারি দোকানে যাচ্ছি। একটা রিং কিনবো।

কি কিনবে?

ডায়মন্ড রিং।

কার জন্য?

আমার এক বন্ধুর জন্য।

ছেলে, না মেয়ে?

বুদ্ধু! ছেলের জন্য কিনতে যাবো কোন দুঃখে?

শুধুই বন্ধু?

না, স্পেশাল ফ্রেন্ড।

উপলক্ষ?

এই মুহূর্তে বিশেষ কোনো উপলক্ষ নেই। তবে ভবিষ্যতের জন্য।

আমাকে আনলে কেন?

কারণ, তুই খুব ভালো করেই জানিস, আমি তোর মতামতকে সবচেয়ে বেশি প্রাধান্য দিই।

ব্যস, এই জন্য?

আরেকটা কারণ আছে।

চমকে তোমার দিকে তাকিয়ে বলি, সে কারণটা কি?

কারণটা হলো ...। না থাক।

মনে মনে বলি, লুকানোর চেষ্টা করে কোনো লাভ নেই। আমি তোমার ডায়রি পড়েছি।

খুব চমৎকার একটা রিং কিনলে আমার আঙুলের মাপে।

হলুদের আগের রাতে অনেক কথা হয় তোমার সঙ্গে। বললে, আমরা সব সময় খুব ভালো বন্ধু থাকবো। এতো ভালো যে, যাকে সব কথা বলা যায়, যে বাচার আগ্রহটাকে বাচিয়ে রাখে, ঘোর অন্ধকারের মধ্যে দাড়িয়েও আশার আলো দেখায়, অন্ধকারকে অস্বীকার করতে শেখায়। তুই আমার ঠিক এ রকম বন্ধু। আমার জীবনে একমাত্র বিশ্বস্ত বন্ধু।

কথাগুলো শুনে হয়তো আমার খুশি হওয়ার কথা। কিন্তু পারিনি খুশি হতে।

তুমি আমাকে কখনো রিমির কথা বলোনি কেন?

আসলে সিদ্ধান্ত নিতে পারছিলাম না। সব কিছু এতো তাড়াতাড়ি ...। আর ...।

থাক বলতে হবে না। রিমির কথা বলো। রিমি তোমার কাছে কি রকম, এই আর কি!

ও আমার কাছে দেবী।

দেবী!

হ্যা দেবী। আমি দুজনকে দেবী বলি এ পৃথিবীতে। তোকে আর রিমিকে। তুই আমার রাজকন্যা এবং দেবী। আর রিমি শুধু আমার দেবী কিন্তু রাজকন্যা না।

এতোক্ষণে বুঝতে পারি কি ভীষণ ভুল করেছি। আমার সারা জীবনের সফলতার ঝুড়িতে এই প্রথম জমা হয় ব্যর্থতা। এ প্রথম মনে হয় সব কিছুই অর্থহীন।

তোমার বিয়েতে ছিলাম সবচেয়ে বেশি হাসি খুশি যেন এর চেয়ে আনন্দের ঘটনা আর কিছুই হতে পারে না। সবাই আমার বাইরের আনন্দটা দেখে। কাউকে বুঝতে দিই না ভেতরের কষ্টটা।

তোমার বিয়ের দুই মাস পর চলে আসি লন্ডনে এমবিএ করতে।

বাবা মায়ের নিষেধ, উৎকণ্ঠা। বন্ধুদের অনুরোধ। স্বপ্নের আইবিএ-তে পড়ার সুবর্ণ সুযোগ সব কিছুকে তুচ্ছ করে চলে আসি এই ব্যস্ত শহর লন্ডনে। সবাই জানে স্কলারশিপ পেয়েছি, এ জন্য এখানে পড়তে এসেছি। কিন্তু আমি তো জানি স্কলারশিপ কোনো ব্যাপারই নয়। তোমাকে এড়িয়ে চলাটাই আমার আসল উদ্দেশ্য।

এখন আর ঈদ আমার জীবনে আনন্দ বয়ে আনে না। শুধু ঈদ কেন কোনো আনন্দই আমাকে স্পর্শ করে না। এখানে হয়তো ঈদের দিনেও ক্লাসে যেতে হবে। ক্লাসের পর আছে লাইব্রেরি ওয়ার্ক। এর ফাকে দেশে ফোন করে বাবা, মায়ের সঙ্গে কথা বলবো। হয়তো তোমাকেও একবার ফোন করবো। কিন্তু প্রতিবারের মতো এবারও কোনো কথা বলা হবে না। তুমি কয়েকবার হ্যালো হ্যালো বলবে, তারপর আস্তে করে লাইনটা কেটে দেবো।

পৃথিবী তার নিজস্ব নিয়মে এগিয়ে যাবে সামনের দিকে। বছর ঘুরে আবারও ঈদ আসবে। পৃথিবীর সবাই মেতে উঠবে আনন্দ উৎসবে। কেবল সবার মাঝ থেকে নিজেকে আড়াল করে রাখবো। আনন্দে মেতে ওঠার অক্লান্ত চেষ্টা করবো। সবাই দেখবে বাইরের আনন্দটা। কিন্তু কেউ জানবে না আমি কি হারিয়েছি, কেউ জানবে না এই পরাজিত রাজকন্যার গল্প।

মিরপুর, ঢাকা থেকে
najmun@mail.com

অণিকা

– মাহফুজ

আমি মাহফুজ। বয়স আটাশ বছর। বিশ বছর বয়স থেকে ড্রাগস নিই। প্রথমে কিভাবে ড্রাগস নেয়া আরম্ভ করি তা বলছি।

কয়েক বন্ধু আগে থেকে ড্রাগস নিতো এটা জানতাম। আমার রাতে ঘুম না হওয়াতে তাদের সঙ্গে আমিও ড্রাগসে যোগ দিই। সেই থেকে শুরু। আজ পর্যন্ত ড্রাগসের সঙ্গে যুক্ত আছি।

আমার কাছে, ড্রাগসের কাছে মেয়েমানুষ কিছু না। পৃথিবীর সুন্দর সুন্দর মেয়েদের ছাড়তে পারি। কিন্তু এই ড্রাগস আর ছাড়তে পারবো না। পৃথিবীর কোনো কিছু ভালো লাগে না। সব কিছুতে অনীহা আসে। তারপরও নেশা ছাড়তে পারি না।

আমার বোনকে একটি মেয়ে পড়াতে আসে এটা জানতাম। কিন্তু কোনোদিন তার দিকে তাকাইনি। কারণ সেই নেশা।

একদিন সকালে নেশা করিনি তখন কলিংবেল বেজে ওঠে। দরজা খুলে দেখি আমার খালাতো বোনকে যে মেয়েটি পড়ায় সে দাড়িয়ে। আমার কেন যেন মনে হলো সে আমাকে নেশা থেকে মুক্ত করতে পারবে। এই পর্যন্ত কোনো মেয়েকে কোনোদিন ভালোবাসার কথা বলিনি। আমার মনে হয় এ জীবনে এতো সুন্দর মেয়ে দেখিনি। নিজের মনকে বোঝাতে লাগলাম। কোনো নেশাখোর ছেলেকে কোনো বুয়েটে পড়া মেয়ে ভালোবাসতে পারে না। মন বলে কথা কিছুতেই বুঝ দিতে পারি না।

এক সময় মনে হয় এই মেয়েকে পেলে নেশা ছাড়তে পারবো। তার কথা চিন্তা করে বেশ কয়েকদিন নেশা করিনি। কিন্তু কিভাবে বলবো? কারণ আমি খালার বাসায় থাকি। নেশা করি এটা আমার পরিবারের সবাই

জানে। কয়েকবার চিকিৎসা করেও নেশা ছাড়তে পারিনি। সেই আমি এই মেয়ে দেখে নেশা করিনি বেশ কয়েকদিন।

তাকে দেখলে মনে হয় আমি পৃথিবীতে আবার নতুন জীবন ফিরে পাবো।

অণিকা, আমাকে বাচাও। তুমিই পারো আমাকে বাচাতে। তোমার একটু ভালোবাসা আমার মতো ছেলেকে ভালো করতে পারবে। অণিকা, তোমার ভালোবাসার হাতটি বাড়াও, দেখবে আমি আবার নতুন জীবন ফিরে পাবো।

অণিকা, আল্লাহ তোমাকে আমাকে ভালো করার জন্য, পৃথিবীতে সুন্দরভাবে বাচার জন্য পাঠিয়েছে। তোমার একটু ভালোবাসা পেলে আমি সুন্দর পৃথিবীতে বাচতে পারি।

তুমি ভালো ছাত্রী এবং ভালো ছেলে পেতে পারো, এটা জানি। কিন্তু আমার মতো ছেলেকে ভালো করে পৃথিবীতে বাচতে পারাটা আরো সুন্দর। অন্তত আমার কাছে মনে হয়। একটু ভালোবাসা দিয়ে যদি আমার জীবন বাচাতে পারো তাহলে আল্লাহর কাছে আমি দুই জনমে কিছু চাই না। আমাকে তুমি তোমার ভালোবাসা দিয়ে বাচাও।

তোমার গালের ওই তিলগুলো নিয়ে কল্পনার রাজ্যে চলে যাই। আমার খালাতো বোনের কাছে শুনতে পারলাম, তুমি কক্সবাজার বেড়াতে যাচ্ছ। যদি যেতে পারতাম সমুদ্র সৈকতে, তোমার হাতটি যদি আজীবন ধরে রাখতে পারতাম, এটা আমার কল্পনা।

তোমাকে না দেখে থাকবো কি ভাবে? যেখানে তোমার যাতায়াত, চুপিচুপি দেখি। কেউ আমাকে দেখতে না পায়, তুমি পর্যন্ত। তুমি কি জানো, তুমি যখন পড়াও তখন তোমার স্যানডাল আমার রুমাল দিয়ে মুছে দিই? তোমার হাতের লেখা দেখি আর ভাবি, কিভাবে আমার ভালোবাসার কথা তোমাকে বলবো!

এই ভালোবাসা দিবসে তোমার কাছে আমার করুণ আবদার, তোমার ভালোবাসা দিয়ে আমাকে মানুষ করো। তুমি যেন গৌরব করতে পারো, দেখো আমার ভালোবাসা দিয়ে আমি একজন মানুষ তৈরি করতে পেরেছি। সে আমার ভালোবাসার মানুষ এবং আমার স্বামী।

জানি শিক্ষার দিক দিয়ে তুমি আমার চেয়ে অনেক উপরে। কিন্তু জেনে রেখো, তোমার ভালোবাসা পেলে আমি আবার আরাম্ভ করতে পারবো শিক্ষা জীবন। তুমি যেভাবে বলবে সেই ভাবে তৈরি হবো।

তুমি কি জানো আমার, নেশার জন্য আমার মা বাবা কাদেন আর বলেন, আল্লাহ, আমার ছেলেকে ভালো করে দাও?

অণিকা, বিশ্বাস করো, তুমি আমার হলে আমার মা বাবার আশা পূরণ হয়ে যাবে। তোমার জন্য তারা আজীবন দোয়া করবেন। এটা কি বড় একটা পাওয়া নয়?

মিরপুর, ঢাকা থেকে

স্বামী সুখ

– শাহনাজ নার্গিস শাম্মী

শরীরে মেয়েলি গুণাবলী আসার আগে থেকেই নিজেকে খুব সুন্দর ভাবতাম। অবশ্য এই ধ্যান ধারণা আমার ভেতর জন্মেছিল বাড়ির অন্যদের কথাবার্তায়।

যখন ক্লাস নাইন শেষ হবে সে সময়ই নিজেকে আবিষ্কার করলাম দ্বিতীয় মাধুরী হিসেবে (ঐশ্বরিয়া তখনো বিশ্ব সুন্দরী হয়নি)।

মা–বাবাও কথাচ্ছলে বলতেন, আমাকে বিয়ে দেবেন দ্বিতীয় শাহরুখ খানের সঙ্গে (ঋত্বিক রোশন তখন কোথায় যেন ছিল)।

এই বিয়ের ব্যাপারটা তাদের মুখের কথা হলেও মনে ছিল মেয়েকে হারানোর ভয়। কারণ আমার ফেরশতাতুল্য বাবার আমার দুটি মেয়ে, আমিই বড়। ছেলে না থাকার কষ্ট মা-বাবার ছিল কি না জানি না। তবে সিদ্ধান্ত নিয়েই রেখেছিলাম বিয়ে আমি করবো না। কারণ মা বাবাকে অসহায় করে কোনো অজানা, অচেনা পুরুষের সঙ্গে গিয়ে থাকতে পারবো না।

সুদর্শন কোনো নায়ক মার্কা চেহারার ছেলে দেখলে আকৃষ্ট হতাম যে না সেটা মিথ্যা। কিন্তু সবাইকে আমার শত্রু মনে হতো। কারণ আমার ধারণা ছিল, পুরুষ মানেই নারীর ওপর অধিকার ফলানোর ক্ষমতার অধিকারী। তারা শুধু ভালোবাসা নিতে জানে, নারীকে ভোগ করতে জানে আর জানে বিয়ে করে একটি মেয়েকে তার মা-বাবা থেকে আলাদা করে রাখতে।

যাকগে, এভাবেই চলছিল। অনার্স ফাইনাল পরীক্ষা সামনে। হঠাৎ মা-বাবার মুখে শুনি আমার বিয়ে দেয়া হচ্ছে। ছেলে বাংলাদেশ বিমানে চাকরি করে, ঢাকায় থাকে। বড় মামাকে দিয়ে বাবা সব খোজ খবর নিয়ে ফেলেছেন।

সব ঠিকঠাক, এখন শুধু বিয়ে। আমি তো রাজি না। আমার এক কথা, মা-বাবাকে একা করে দূরে কোথাও স্বামীর কাছে গিয়ে থাকতে পারবো না অর্থাৎ থাকবো না।

কিন্তু শেষ পর্যন্ত দাদি, নানি চাচা-চাচি, মামা-মামি, খালা, ফুপু সবার অনুরোধ মেনে নিয়ে বিয়ে করতে বাধ্য হলাম। তবে একটা শর্ত দিয়ে। বিয়ের পর স্বামীর সঙ্গে মতের মিল না হলে সোজা বাবার বাড়ি চলে আসবো।

বাবা রাজি হলো।

মনে মনে সিদ্ধান্ত নিলাম মতের মিল তো ইচ্ছা করেই করবো না।

বিয়ের দিন অনেক কাদলাম। কাবিনে সই করতে গিয়ে জ্ঞান হারানোর মতো সকল পন্থাই অবলম্বন করলাম যদি... যদি বিয়েটা বাদ দেয়া যায়। কিন্তু ... কিছুই করতে পারলাম না।

বাসর রাতে স্বামী নামের লোকটির সঙ্গে কথা পর্যন্ত বলিনি।

তারপর?

দিন, সপ্তাহ, মাস ঘুরে বছর গেল। আমি এখন বাবার বাড়ি। ১৪ ফেব্রুয়ারি ভালোবাসা দিবসের আগেই সেই স্বামী নামের মানুষটির (বিয়ের আগে যাকে অমানুষ মনে করতাম) সন্তানের মা হতে চলেছি। কিভাবে যেন সব এলোমেলো হয়ে গেল।

বিয়ের পর তার সঙ্গে খারাপ ব্যবহার করার সুযোগই পেলাম না। সারাক্ষণ কেমন জানি জ্বালাতন করে। অফিসে যাবার সময়, আসার সময়, দিনে-রাতে, ছুটির দিনভর সারাক্ষণ পেছনে লেগে থাকে আর কেমন কেমন যেন করে। কি সব আজেবাজে কথা দিয়ে গল্প বানিয়ে আমাকে পটায়।

এক সসয় নিজেকে তার কাছে সমর্পণ করলাম। দেখি সুখ সুখ অনুভূতি। কখন যেন নিজেকে তার ভেতরে হারিয়ে ফেললাম।

স্বামীর এতো ভালোবাসা পাবো সেটা কখনো কল্পনাও করিনি। সত্যিই আমি খুশি, সুখী, তৃপ্ত তার ভালোবাসা পেয়ে। এখন মনে হয় নারীর জন্মই বুঝি আমার স্বামীর মতো সুন্দর মনের একজন পুরুষের বৌ হবার জন্য।

মা-বাবার সঙ্গ এখন আর আমাকে আগের মতো আনন্দ দেয় না। বাবার বাড়ি এখন বড্ড একঘেয়ে লাগে। তাকে ছাড়া একটি মুহূর্ত থাকতে চাই না, পারিও না।

বাবা মাঝে মধ্যে আমার স্বামীর সুখের অংশীদার হয়ে দুষ্টামি করে বলেন, মা জামাইয়ের সঙ্গে মতের মিল না হলে আমার কাছে চলে আসিস।

তখন বাবাকে জড়িয়ে ধরে আনন্দে কেদে ফেলি।

বাবার চোখেও পানি আসে। কিন্তু বাবা সেটা আমাকে দেখতে দেন না।

ভালোবাসা দিবসে যাযাদি-র সকল পাঠকদের ভালোবাসা একত্রে করে আমার স্বামীকে উপহার দিতে চাই। মুখে তো তাকে বলা হয়নি। কিন্তু সত্যি তাকে অনেক অ-নে-ক ভালোবেসে ফেলেছি।

আরাপপুর, ঝিনাইদহ থেকে

A

যাকে নিয়ে লিখতে বসেছি সে আমার ভালোবাসা, আমার আশা, আকাঙ্ক্ষা, প্রেরণা সব কিছু। কিন্তু তাকে আজও দেখিনি।

২০০৩ সালের এপৃল মাসের ১০ থেকে ১২ তারিখের দিক ফ্রেন্ডশিপ করার জন্য একটা ছেলেকে চিঠি লিখি। যে নামটার জন্য তাকেই মিতালী থেকে নির্বাচন করি সেই নামটার প্রথম অক্ষর A। এপৃল মাসের ২৪ তারিখে তার চিঠি পাই এবং শুরু হয় আমাদের চিঠির লেন-দেন। এভাবে চললে যা হয়!

সে আমাকে প্রেম নিবেদন করলো। প্রথমে না করে দিই। ওকে বোঝাতে চেষ্টা করি, বলি, আমাকে অতো দূরে বিয়ে দেবে না। এও বলি যে, ভালোবাসার শেষ পরিণতি বিয়ে, তাই যদি সম্ভব না হয় তবে কেন প্রেম করবো।

কিন্তু A মানতে চায় না।

আর নিজেকে কতো লুকিয়ে রাখবো! আমিও যে তাকে ভালোবাসি বলতে পারিনি।

এরই মাঝে একদিন A ফোন করলো। বললো, তুমি বিশ্বাস করো, তোমাকে সত্যিই ভালোবাসি।

বলি, এটা তোমার আবেগ, একদিন এ আবেগ চলে যাবে।

বললো, আবেগ থেকেই যে ভালোবাসার সৃষ্টি হয় তা কি বোঝো না?

তারপর শুরু হলো আমাদের প্রেম।

এরই মাঝে আমাদের ছবিরও লেন-দেন হয়ে যায়।

ওর মিষ্টি চেহারা দেখে মুগ্ধ হয়ে যাই আমি। A সুন্দর। সুন্দর বললে ভুল হবে, অপূর্ব। আমার কাছে A চাদের চেয়ে সুন্দর। কেন জানি না, A-এর চিঠি পেতে দেরি হলে আমার কিছুই ভালো লাগতো না। মনে হতো আমার পৃথিবীটা আধার হয়ে গেছে। A-কে খুব ভালোবাসি।

এভাবে চলতে থাকে দিন গড়িয়ে যায় মাসের পর মাস। আমার কল্পনার রাজত্বে A-কে নিয়ে প্রাসাদ গড়ে তুলি। যখন আমার রাজ্যে A-র বসবাস তখন কাল হয়ে আসে আমার বিয়ের প্রস্তাব। কিন্তু আল্লাহর অশেষ রহমতে আমার বিয়ে হয় না। চলতে থাকে প্রেম।

একদিন বাড়ির বাইরে বসে একা আকাশের দিকে তাকিয়ে A-র কথাই ভাবছিলাম। তখনই A-র ফোন এলো।

আমার এক কাজিনের ফোনে কথা বলতাম।

সে ফোন এনে দিল আমাকে। আমি কথা বলছিলাম আর হাসছিলাম।

A বললো, এতো হাসি কেন? খুব খুশি মনে হয়?

বললাম, কেন, দুঃখ পেতে বলো?

A বললো, না, না খুশিই থাকো।

এরপর A আমার এক বোনের সঙ্গে কথা বললো।

তারপর আবার আমার সঙ্গে। এক সময় A জানতে চাইলো, আবার কবে ফোন করবো? বললাম, কবে যে বলবো!

আমার বোন বললো, বলে দে, এতো ফোন করার কি দরকার!

আমিও কিছু না বুঝেই ওকে বলি, কি হবে এতো ফোন করে!

এই এক কথায় রেগে যায় সে। বলে, ঠিক আছে, ফোন করবো না, কোনোদিন করবো না। আর করবো না, রাখি।

রেখে দেয় সে।

তারপর বুঝতে পারি সামান্য একটা ভুলের জন্য অনেক কষ্ট পেতে হবে আমায়। হয়ও তাই। অনেক দিন আর চিঠি পাই না A ফোন করাও ছেড়ে দেয়।

আমি ফোন করলে ওকে পাই না। ক্ষমা চেয়ে চিঠি লিখি। তারপর উত্তর পাই।

ওই চিঠিতে A অভিমান করে লিখেছে সেদিন ফোন করতে না করলে, কিছুদিন পর বলবে চিঠি দিও না, তারপর বলবে আমাকে ভুলে যাও। সেদিন হয়তো এই সুন্দর পৃথিবীতে আমি থাকবো না।

তারপর ওর মান ভেঙে যায়।

আবার আগের মতো হয়ে যায় সম্পর্ক।

এরই মধ্যে ২০০৪ সালের এসএসসি পরীক্ষার জন্য টেস্ট হয়। আমার রেজাল্ট খারাপ হয়।

যখন সবাই জানলো পরীক্ষা দিচ্ছি না, শুরু হয়ে গেল পাত্র দেখার পালা।

খুব ভয় পেয়ে গেলাম। কি করবো কিছুই ভেবে পাই না।

আমাদের বাড়িতে সবাই জানে, A আমার বন্ধু, শুধুই বন্ধুত্ব আমাদের মধ্যে। তাই কেউ কিছু বলতো না।

একদিন একটা চিঠি ধরা পড়ে যায় ভাবীর কাছে।

তারপর হাজার প্রশ্নের মুখোমুখি হতে হয় আমাকে।

A–কে জানাই আমার সমস্যার কথা।

A বলে, তারও নাকি সমস্যা। পাচ ছয় মাস অপেক্ষা করতে হবে। তাছাড়া সব ঠিক। আমার ছবি দেখে পছন্দ করেছে সবাই।

দুরু দুরু বুকে দিন কাটাই। পাত্র পক্ষ আমাকে দেখতে আসে, পছন্দ করে। কিন্তু আমার এক কাজিন পাত্রের দোষ ধরায় বিয়ে হয় না। মনে মনে বলি, ভাইয়া কতো ভালো!

সেই ভাইয়ার কাছেই A আমাকে বিয়ে করার প্রস্তাব দেয়।

রেগে যায় ও।

জানাজানি হয়ে যায় আমাদের কথা।

আমাদের প্রেমের কথা শুরু থেকে জানতো একজন। সে আমার ছোট ভাই।

আমার বিয়ের জন্য পাত্র নির্বাচন চলতে থাকে। খুব বিপদে পরে যাই। A–কে বার বার বলি।

A নীরব থাকে।

A অবশ্য অনেক আগেই বলেছিল পালিয়ে বিয়ে করার কথা, আমি না করেছি। এবারও সে ওই একই কথা বলে।

A প্রস্তাব দিতে রাজি হয় না। A-কে অনেক বোঝাই। কিন্তু কোনো কাজ হয় না। কি করবো বুঝতে পারি না। মাঝে মধ্যে মনে হয় A হয়তো আমাকে ভালোই বাসে না। খুব কষ্ট দেয় ওর ব্যবহার আমাকে।

A আমাদের এখানে বেড়াতে আসতে চায়। ভয়ে বার বার না করি।

জানি না A আমাকে কেমন ভালোবাসে! ওর চিঠি পেলে মনে হয় ও আমাকে খুব ভালোবাসে। A ফোন করলে মনে হয় আমাকে না পেলে ও বাচবে না। আবার ওর নীরবতা দেখলে মনে হয় সবই ওর অভিনয়। কোনটাকে ঠিক ভাববো জানি না।

এভাবেই কেটে যায় চার মাস। এর মধ্যে আমাদের মাঝেও মান-অভিমান হয়। রোজা এসে যায়। ভাবতে থাকি ওকে কেমন ঈদ কার্ড দেবো, কিভাবে শুভেচ্ছা জানাবো।

আবার বাধা পড়ে পাত্র পক্ষ দেখতে আসে আমাকে। বিয়ের কথা ঠিক হয়ে যায়।

এভাবে চলে আসে ঈদ। A-কে শুভেচ্ছা জানানো আর হয় না।

১৫ তারিখ ঈদের দিন আমার স্মরণীয় দিন। A-র সঙ্গে কমপক্ষে আধা ঘণ্টা কথা বলি। সবচেয়ে বেশি কথা সেদিন বলি। ওকে প্রস্তাব দিতে বলি।

A বলে চলো কোর্ট ম্যারেজ করবো।

আমার ভালো লাগে না ওসব। বলি, আগে প্রস্তাব দাও। না করলে তখন পালিয়ে যাওয়ার কথা চিন্তা করা যাবে।

ও কাপুরুষের মতো শুধু পালাতে চায়। ফোনে A আমাকে কিস দেয়। আমাকেও কিস দিতে বলে।

আমি না করেছি।

একদিন A আমাকে বলে, শনিবারে তোমাদের ওখানে আসছি।

অনেক প্রতীক্ষায় কাটে আমার দিন। অনেক দিন পর তাকে দেখবো, এবার বাস্তবে দেখবো তাকে! আমার স্বপ্নের রাজকুমার, কল্পনার পুরুষকে কাছে পাবো।

খুব কষ্টে আসে সেই দিনটি। হা সেই দিনটি আসে! কিন্তু সেই পুরুষটি আসে না যাকে দেখার জন্য দিনের পর দিন, মাসের পর মাস শুধু অপেক্ষায়ই করেছি!

সে এলো না। দিনটি যে আমার কতো কষ্টে কেটে যায় তা হয়তো আমার A জানবে না। কেন জানি না বুকের ভেতর হাহাকার করে ওঠে। মাঝে মধ্যে মনে হয় বুকটাকে চিরে কলিজাটাকে বের করে একটা ছুরি দিয়ে কুচি কুচি করে কাটতে পারলে বোধহয় একটু শান্তি পেতাম।

ইচ্ছে করলেই তো সব কাজ করা যায় না! তাই আমিও মরুভূমির মতো হৃদয় নিয়ে বেচে আছি।

A আমাকে কথা দিয়ে কথা রাখলো না। এলো না আমার বিপদে সাহায্য করতে।

A আমাকে তার প্রথম চিঠিতে লিখেছিল, কিছু কিছু বন্ধু আছে যারা স্বার্থ লাভের জন্য বন্ধু হয়, স্বার্থ লাভের পর কেটে পড়ে, অমন বন্ধু আমার দরকার নেই। আমিও যে তাই চেয়েছিলাম, সে বুঝলো না। ভাবীর কাছে ওকে প্রস্তাব দিতে বললাম, তাও সে পারলো না।

ঈদের দিন সে আমাকে বললো, আমাকে অন্য কোথাও বিয়ে দিলে সে আত্মহত্যা করবে, এ কথা আমার আম্মাকে সে বলতে চায়।

আমি কথাটা ভাবীকে বলতে বললে, তখন আর বলে না।

২৪ তারিখে A-কে আবার চিঠি লিখি। কিন্তু আজ পর্যন্ত তার কোনো উত্তর পাইনি। আর কোনোদিন তার কোনো চিঠি পাবো কি না তাও জানি না।

জানি না তার চোখে আমার এ লেখাটা পড়বে কি না। তবুও তাকেই বুক ভরা ভালোবাসা উৎসর্গ করবো। আমি যে আজও তারই আছি।

যারা আমার এ লেখাটা পড়বেন, দোয়া করবেন, আমার যেন মৃত্যু হলেও A-কে না হারাই। এই জীবনে যদি সঙ্গী হিসেবে কাউকে পাই তা যেন A-কেই পাই।

নাম ঠিকানা প্রকাশে অনিচ্ছুক

আশ্রয়

– দিলরুবা শাহানা

পৃথিবীতে ধর্ম নিষ্ঠার দিন শেষ, বিপ্লবের দিন শেষ, ব্যক্তি স্বার্থের উর্ধে ওঠার দিন শেষ। এখন জয় জয়কার ব্যবসার। বেচে থাকার জন্য, অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য ভালোবাসা নামের পণ্যও মানুষ কেনে।

পেশাজীবীর কূটবুদ্ধিতে ইচ্ছার বিরুদ্ধেও অনেক কিছু করতে বাধ্য হয় মানুষ, পরিচয়ও পাল্টায়। তেমনি এই গল্প দুই যুবক জীবনযুদ্ধে টিকে থাকার জন্য খড়কুটোর মতো অদ্ভুত এক ভালোবাসার ডালে আশ্রয় খুজে নেয়। তাদের মরিয়া হয়ে টিকে থাকার লড়াইয়ের সময়েও আপাত ভালো মানুষেরা কিভাবে ফায়দা লুটে নেয় তারও গল্প শোনা যাবে।

অনেক কষ্টে, বহু অপমান সহ্য করে, ধার কর্জ করে মা নাইমকে বিদেশে পাঠান।

নাইম যখন মায়ের গর্ভে তখন বাবা মারা যান। আসলে তাকে খুন করা হয়। কারো চোখে তিনি ছিলেন বিপ্লবী, কারো চোখে সমাজবিরোধী দুর্বৃত্ত। যিনি নিজের স্বার্থে কণা মাত্র দুষ্কর্ম কখনো করেননি তারই কপালে জুটলো দুষ্কৃতকারী শিরোপা।

নাইমের মাও ভুল পথে চলা, ভুল মতের মানুষের সঙ্গে জীবন জড়ানোর অপরাধে পরিবার থেকে ছিলেন বিতাড়িত।

যা হোক। ব্যাংকে ক্যাশিয়ারের কাজ করে নাইমকে নিয়ে কোনোমতে মা বেচেছিলেন। স্বামীর খুনের সঙ্গে সঙ্গে কষ্টে জীবন যাপনকারী অসংখ্য মানুষকে সুন্দর জীবন উপহার দেয়ার যে প্রতিজ্ঞা তার ছিল, সে স্বপ্ন তিনি অনবরত দেখতেন তারও মৃত্যু ঘটে যায়।

নাইমকে সবই বলেছিলেন, নিজেদের মত পথ, ভুল কি ভ্রান্তি কোনোটাই বাদ দেননি। অনুরোধ ছিল একটাই বাবা, স্বপ্ন দেখে লাভ নেই। তবে অন্যের ক্ষতি কখনো করো না, বরং পারলে মানুষের উপকার করো।

নাইম প্রায় বন্ধুহীন মানুষ হয়েছে। গায়ে পড়া মানুষের ডাকাডাকি, হাকাহাকি থেকে রেহাই পাওয়ার জন্য কানে না শোনার ভান করে থাকতো।

গুলশান–বাড্ডার সীমান্তে এক পরবাসী ভদ্রলোকের স্ত্রী তিন সন্তানসহ টিনশেডের তিন কোঠার নিজস্ব বাড়িতে থাকতেন। ভদ্রমহিলা নাইমের মায়ের ব্যাংকের গ্রাহক ছিলেন। ওই পরিচয়ের সূত্রেই নাইমরা তাদের ভাড়াটে হয়ে যায়।

বিত্তবানের পাড়া গুলশানের সুবিধার জন্য রাস্তাঘাট তৈরি হচ্ছিল। ফলে গুলশান সীমান্তবর্তী নাইমদের বাসস্থানও পেয়ে গেল চমৎকার অবস্থান। আগের গলি–ঘুজি সব উধাও। নিজেদের বাড়ির সামনে মোটর চলা গলির দুই বাড়ি পার হলেই বিশাল চওড়া রাস্তা। নাইমের মা হেটেই এখন গুলশান ব্রাঞ্চের অফিস যেতে পারেন। অবস্থানের কারণে জায়গার দামও বাড়লো।

বাড়িওয়ালি নীরবে সঞ্চিত বিদেশি টাকায় বড় বাড়ি তোলার আয়োজন শুরু করেন। নাইমের মায়ের সাহায্যে মহিলার অনেক কাজ সহজ করলেন।

বাড়িওয়ালি ও তার বাচ্চাদের জীবন যাপন অনেক শাদাসিধে ছিল। প্রতিবেশীরা তাদের ব্যাপারে মাথা ঘামানোর কিছু খুজে পেতো না। ফলে এক রকম নির্বিঘ্ন জীবন ছিল ওদের। সমস্যা বাধলো যখন নির্মাণকারী লোকজনেরা এসে মাপজোক শুরু করলো। আশপাশের লোকজনের চোখ চড়ক গাছ। এতো দিন যাদেরকে পাত্তা দেয়ার মতো মনে করতো না কেউ তারা আজ এমন লোভনীয় জায়গায় পাখির বাসা না ভেঙেই অট্টালিকা বানাবে তা কেমন করে হয়। প্রতিবেশীদের অন্তর্জ্বালার আচ নিরীহ মহিলা ও তার সন্তানদের পুড়িয়ে মারতে উদ্যত হলো। হিংসুক প্রতিবেশীদের লেলিয়ে দেয়া গুণ্ডাদের মোটা অংকের চাদা দিয়েছিল তবুও রেহাই নেই।

আরেক প্রতিবেশী এক সন্ধ্যায় বাড়ির নকশা পরিবর্তনের অন্যায় দাবি নিয়ে আসে। কারণ তার বাগানে ছায়া ফেলবে নিরীহ মহিলার ইমারত।

মহিলা নম্রভাবেই তার বাড়ির নকশায় বেআইনি কিছু নেই তাই তা পরিবর্তনে তিনি অপারগ বলে জানান।

ওই লোক অশালীন ভাষায় গুণ্ডা দিয়ে তার স্কুল পড়ুয়া মেয়েকে তুলে নিয়ে যাওয়া হবে বলে শাসায়। নাইম তার প্রায় একাকী জীবনের সঙ্গী ক্যাসেট রেকর্ডারে পুরো কথাবার্তা গোপনে রেকর্ড করে। তারপর যে কাণ্ড সে করে তাতে মহিলার নিরাপত্তা প্রায় নিশ্চিত হয়ে যায়।

এদিকে নাইম পড়ে তোপের মুখে। পুলিশ, নারী সংগঠন, মানবাধিকার সংস্থা, এমনকি দেশ বিদেশের সংবাদ সংস্থায়ও বিষয়টি আলোড়ন তোলে। সবাই এসে দাড়ায় মহিলার পাশে, সবার হাতে পৌছে গেছে সেই হুমকি সংবলিত ক্যাসেট। আর রেকর্ডকরণেওয়ালাকে হন্যে হয়ে খুজতে থাকে হৃদয়হীন ভাড়াটে খুনীরা।

এমনি এক ভয়ংকর পরিস্থিতিতে নাইমের জীবন বাচানোর তাগিদে আদম বেপারীকে ধরে নাইমকে বিদেশ পাঠিয়ে দেন মা। বাড়িওয়ালি মহিলা শুধু নামাজ পড়েই নাইমের জন্য দোয়া চান না, টাকা পয়সা দিয়েও যথাসাধ্য সাহায্য করেন।

সত্য তুলে ধরার অপরাধে দেশ ছেড়ে পালানোর সময় মা বলেছিলেন, তুই আর ফিরিস না বাবা, যদি পারিস কোনোদিন তবে ধার কর্জ শোধের জন্য টাকা পাঠাবি।

বিরাট ঋণ বিদেশের টাকায় শোধ করার বদলে আরো ঋণ, আরো অদ্ভুত শর্তের দস্তখত মেনে নিতে বাধ্য হলো নাইমকে। ছয় সপ্তাহের টুরিস্ট ভিসা শেষ হওয়ার আগেই কি করে পাকাপাকি থাকার ব্যবস্থা হয় সেই জন্যে একজন নাইমকে দয়ালু, পরোপকারী এক দাড়িওয়ালা ভাইয়ের কাছে নিয়ে যায়। দাড়িওয়ালা ভাইকে মনে হলো আল্লাহর ফেরেস্তা যখন তিনি বললেন, ইনশাআল্লাহ উপায় একটা বের হবেই।

তবে ওনার পরের বাক্য শুনে নাইম আতকে উঠলো।

দরকার হলে কন্ট্রাক্ট ম্যারেজ করিয়ে দেবো। ভয় পাওয়ার কিছু নেই। আল্লাহর অছিলাতে যা হবার হবে। টাকা পয়সা যা লাগে আমি দেবো, পরে রোজগার করে শোধ করে দিও।

দাড়িওয়ালা ভাইয়ের কল্যাণে কাজও জুটে গেল। ওনারই ফ্যাক্টরিতে খাবারের কৌটার লেভেল বদলানোর কাজ। সময় গত হওয়া খাবারের কৌটার পুরনো লেবেল ছিড়ে ফেলে ঝকঝকে নতুন লেবেল সেটে দেয়া। ইসরেলের কৌটাজাত আম, ইটালির অলিভ অয়েল, ইনডিয়ার সর্ষের তেল, আরো কতো কি। কাজটা কঠিন নয়, তবে বড় অনৈতিক। স্বল্পভাষী নাইমের সামনে উন্মোচনের আকুতি নিয়ে আরেক অন্ধকার জগৎ এসে দাড়ানো।

নিরুপায় নাইম কাজ করতে করতে দাড়িওয়ালা ভাইয়ের অপেক্ষা করে।

ভিসার মেয়াদ শেষ হওয়ার অল্প কয়েকদিন আগেই ভাই এলেন।

নাহ! কন্ট্রাক্ট ম্যারেজের জন্য মেয়েদের পাওয়া গেল না। ওই ফিলিপিনো মেয়েরা বড় উড়নচন্ডি, কোথায় যে গেছে কে জানে। ইমিগ্রেশন ল'ইয়ারের কাছে নিয়ে যাবো, ও বেটা একটা না হয় আরেকটা পথ বের করবেই। বরিশালের হাকিমকেও নিয়ে যাবো। পরশুদিন তোমরা কাজে আসার পর পরই এসে তোমাদের নিয়ে যাবো।

দাড়িওয়ালা ভাই চলে যাওয়ার পর হাকিমের সঙ্গে কথা হয়।

হাকিম হতভাগা বড় বোনের শ্বশুড়ের যৌতুকের গঞ্জনা সহ্য করতে না পেরে নৌকার বৈঠা দিয়ে এমন পিটুনি পিটায় যে, বুড়ো হ্পাসপাতালে যেতে বাধ্য হয়। সে দেশ ছেড়ে পালায়। এই খানে মাস খানেক ধরে কাজ করছে।

শুনেছে এক ইহুদির সঙ্গে যৌথ মালিকানার ব্যবসা দাড়িওয়ালা ভাইয়ের। হাকিম–নাইমদের মতো অসহায় মানুষকে ঋণের দাস্ততে আটকে নামমাত্র মজুরিতে কাজ করিয়ে নেয়। অন্যায় দেখেও চুপ করে থাকে। কারণ

ইমিগ্রেশনে ধরিয়ে দেয়ার ভয় দেখিয়ে ওদের দাস করে রেখেছে নরমভাষী দাড়িওয়ালা ভাই। ভালো মানুষ দাড়িওয়ালা ভাইয়ের উদার সাহায্যের পেছনে যে মতলব কাজ করে তা কি ভয়ংকর শুধু জানে নাইম ও হাকিমের মতো নিঃসহায়রা।

নাইম তেমন কথাবার্তা বলে না, শোনার কাজটি মনোযোগ দিয়ে করে।

হাকিম দেখলো ওকে কিছু বললে তা পাচ কান হবে না। তখন মন খুলে আরো কিছু কথা বলে। যেমন, জানেন ভাই একটা *জিনিস আমি আবিষ্কার করে ফেলেছি*। নাইম জিজ্ঞাসু চোখে তাকালো।

আচ্ছা ভাই, বলেন তো সৃষ্টির সেরা... একটু থেমে শুরু করলো। ভাবছেন আমি বলবো *জীবন* নাহ। তা নয়, সৃষ্টির সেরা লোভী কে? উত্তর হবে, মানুষ। এটাই আমার আবিষ্কার। দেখেন দাড়িওয়ালা ভাই পুরনো খাবারে নতুন লেভেল লাগিয়ে ব্যবসা করে, তাতে তার নামাজ-রোজা আল্লাহকেও উৎসাহ দেয় না, উৎসাহ জোগায় তার লোভ।

দাড়িওয়ালা ভাই কথা রেখেছেন। ওরা ঠিক সময়ে উকিলের কাছে পৌছে গেল।

উকিলের কথাবার্তা পয়সায় বিকোয়। তাই মূল্যবান আর সংক্ষিপ্ত। সে বলে, দেখো, এ দেশে টিকে থাকার একটাই উপায় আছে তোমাদের *যদি তোমরা নিজেদের গে লাভার (Gay lover বা সমকামী প্রেমিক) ঘোষণা করো। রাজি?*

বাংলাদেশে দুজনকে এই গ্রাউন্ডে কেস করে টিকিয়ে দিয়েছি।

অসহায় দুজন টিকে থাকার তাগিদে ভালোবাসার ওই শাখাতেই আশ্রয় নিল।

মেলবর্ন থেকে

manzur@netspace.net.au

বাবার বিয়ে

– রফিক

কলেরা রোগে আক্রান্ত হয়ে আমার দাদা যখন মারা যান তখন আব্বার বয়স চার পাচ বছর। দাদারা ছিলেন দুই ভাই। বড়জন তারও আগে মারা যান।

আব্বার জেঠাতো ভাই একজন। হাজি আমিরুদ্দিন। দাদার মৃত্যুর পর যৌথ সংসারে থাকা আমিরুদ্দিন তার স্ত্রী সন্তানদেরকে নিয়ে আলাদা হয়ে যান। জমি-জমাহীন আমার দাদি যখন তিন তিনটি এতিম সন্তানকে নিয়ে অকূল সাগরে ভাসছিলেন তখন পরিত্রাণ কর্তা হিসেবেই আবির্ভূত হন একজন। তিনি হলেন আমিরুদ্দিন হাজির জামাতা মানে আব্বার ভাতিজি জামাতা ভৈরবের ইউসুফ মোল্লা। মমতা দেখিয়ে আব্বাকে সঙ্গে নিয়ে তার বড় ভাই তৎকালীন বিখ্যাত ব্যবসায়ী শের আলীর পেয়াজের আড়তে ঠাই দেন।

তাদের পরম স্নেহ আর মমতায় আব্বা ওখানে থেকেই বড় হলেন।

শের আলী ছিলেন ভীষণ কামুক এবং বহুগামী ও ভোগ বিলাসী চরিত্রের মানুষ। সাতটি বিয়ে করেন এবং কয়েক স্ত্রীর গর্ভের এগারো মেয়ে ও আট ছেলের বাবা তিনি। ঊনিশ সন্তানের গর্বিত পিতার দ্বিতীয় সন্তান হলেন আমার আম্মা।

নানা সিদ্ধান্ত নিলেন আমার আব্বাকে জামাতা বানাবেন প্রথম কন্যাকে বিয়ে দিয়ে। মানত ছিল প্রথম কন্যাকে দানে বিয়ে দেবেন।

এদিকে আব্বা স্থির করলেন প্রথমজনকে নয়, বিয়ে করবেন পরমা সুন্দরী আমার আম্মাকে।

এ নিয়ে যখন মন কষাকষি চলে তখন আবার এক সময়ের দরদি ইউসুফ মোল্লা ও তার স্ত্রী আব্বার প্রতি ঈর্ষাপরায়ণ হয়ে ওঠেন। গোপন কলকাঠি নাড়ে আব্বার ওই ভাই আমিরুদ্দিন হাজি। তাদের ধারণা, আব্বা

এ পরিবারে বিয়ে করলে আর্থিক দিক দিয়ে শক্তিশালী হয়ে যাবেন। তাই সুকৌশলে আব্বাকে বাড়িতে এনে ইচ্ছার বিরুদ্ধে অন্যত্র বিয়ে করান।

শুনেছি নদী থেকে পানি আনতে গিয়ে পিচ্ছিল রাস্তায় পা পিছলে পড়ে মাটির কলসটি ভাঙার দরুণ রাগ করে আব্বা তাকে তালাক দেন বিয়ের মাত্র কয়েক মাসের মাথায়।

ওদিকে নানা তার প্রথমা কন্যাকে যথেষ্ট জাকজমকের সঙ্গে বিয়ে দেন নিজ গ্রাম কমলপুরেই। আমার আম্মা তখন কিশোরী। আট নয় বছরের হবেন। নানাজান তার ভাইয়ের কূটবুদ্ধিতে কান না দিয়ে সিদ্ধান্ত নিলেন আব্বার ইচ্ছার বাস্তবায়ন ঘটাবেন।

আব্বার মামাবাড়ির সম্পর্কে আমার নানারাই ছিলেন নিকট আত্মীয়। এই সুবাদে আব্বার মামাদের নিত্য যাতায়াত ছিল ওখানে।

অবশেষে নানা সকল জল্পনা–কল্পনার অবসান ঘটিয়ে বিয়ের দিন তারিখ ঠিক করলেন।

বিয়ের দিন বরযাত্রীতে উঠান ঠাসা। এমন সময়ে যে কেন একজন রসিকতা করে বললেন যে, বৌ না দেখেই বিয়ে করাতে এলাম। কানা, নাকি খোড়া তা তো যাচাই করা দরকার।

পুরনো আত্মীয়তার সূত্রেই যাতায়াতের প্রেক্ষিতে আনুষ্ঠানিকভাবে কেউ দেখার প্রয়োজন বোধ করেননি।

আমার কিশোরী মাকে তখন অন্দর মহলে বিয়ের সাজে সাজাতে ব্যস্ত বাড়ির মহিলারা। নানা ঠাট্টা শুনে দৌড়ে ভেতরে গিয়ে বিয়ের শাড়ি পরা অবস্থাতে ও সমস্ত অঙ্গপ্রত্যঙ্গে সোনার অলংকারে ভরা আমার কিশোরী মাকে পাজা কোলে করে বাইরে এনে সকলে ঘিরে বসা মাঝখানের উচু টেবিলে দাড় করিয়ে শাড়ির আচলে ধরে টানছেন আর মা নতর্কীদের মতো ঘুরছেন। এক টানে বারো হাত শাড়ি পুরোটা আমার নানার হাতে। মায়ের পরনে আছে ব্লাউজ এবং পেটিকোট। তাছাড়া দশটি ছিদ্রযুক্ত দুই কানে, মাথায়, নাকে। কোমরে এবং পায়ে সোনার গহনাগুলো শোভা পাচ্ছে।

অতঃপর নানাজান লাফ দিয়ে টেবিলে উঠে মাকে ধরে ঘুরিয়ে ঘুরিয়ে চার পাশের লোকজনকে দেখাচ্ছেন এবং দম্ভের সঙ্গে প্রশ্ন করছেন, বলো তোমাদের আরো কিছু দেখার বাকি আছে কি না।

ঘটনার আকস্মিকতায় সকলে থ হয়ে গেলেন।

এরপর নানাজান আদেশ করলেন, আমার আম্মা যেন নিজে নিজে নেমে হেটে হেটে ঘরে যান।

আমার পরমা সুন্দরী মায়ের মুখে ছোটকালে ঘটনাটি শুনে হাসতাম। এখনো মনে হলে বড্ড হাসি পায় আমার নানার খামখেয়ালিপনার কথা ভেবে।

আমার রসিক নানা প্রয়াত হয়েছেন প্রায় পচিশ বছর। এক সময়ের নামকরা ব্যবসায়ী আমার নানাবাড়ির জৌলুসও আজ বিস্মৃত প্রায়। আট মামার সাতজনই বলতে গেলে বেওয়ারিশ। একমাত্র রশিদমামা ও তার স্ত্রী মুক্তিযোদ্ধা কোটায় প্রাইমারি শিক্ষকের চাকরি পেয়ে দুজনেই কমলপুর আদর্শ প্রাইমারি স্কুলে শিক্ষকতা করে নানার নামটা ধরে রাখছেন।

আমার আম্মার চলমান কাহিনী বলবো? যে মা তার প্রথম জীবনে পালংকে শুয়ে বসে রানীর হালে কাটাতেন, ভাগ্যের নির্মম পরিহাসে আজ নিরাভরণ হয়ে ছোট্ট এক জীর্ণ কুটিরে হাড় জিরজিরে রুগ্ন শরীরে নিদারুণ কষ্টে বৈধব্য জীবন কাটাচ্ছেন। তার কাছে পালংক এখন অতীত ইতিহাস মাত্র। সংসারের ঘানি টেনে অবস্থা কাহিল।

পোড়া কপালে আমরা দুটি ভাই বৃদ্ধ মাকে অবশ্যকরণীয় কিছুই করতে পারছি না। অভাবের সংসারে বরং আমরাই যেন মায়ের মাথার বোঝা হয়ে ওনার কষ্টকে বাড়িয়ে দিচ্ছি। মায়ের বর্তমান মুখশ্রী দেখে কল্পনাই করা যাবে না এই সেই মা আমার যার রূপে মুগ্ধ হয়ে আমার প্রয়াত বাবা তার প্রথম স্ত্রীকে তালাক দিয়ে গর্ভধারিণী আমার মাকে বিয়ে করেছিলেন।

সময়ের ব্যবধানে পারিপার্শ্বিকতাকে মেনে নেয়া ছাড়া বিকল্প নেই। বাস্তবতাকে স্বীকার করেই মা আমার আজও বেচে আছেন।

আলগী, রায়পুরা, নরসিংদী থেকে

শোভাদি

- মুশতাক আহমেদ

অফিস কর্তৃপক্ষ আইন করেছে দুই বছরের জন্য ব্যাংকের অন্য শাখায় বদলির। আইন ভঙের শাস্তি ভবিষ্যৎ পদোন্নতি বন্ধ। ঢাকা থেকে খুলনা। ছেলেমেয়েরা বড় হয়েছে। বড় মেয়েটি সবেমাত্র কলেজে ভর্তি হলো। অন্যারা বিভিন্ন ক্লাসে পড়ছে। স্কুল কলেজে ভর্তির সমস্যা। তাছাড়া আর্থিক সমস্যা তো রয়েছেই।

তবুও শেষ পর্যন্ত খুলনায় আসতে হলো। এসে প্রথম কাজ ছেলেমেয়েদের স্কুল-কলেজে ভর্তি করানো। মেয়েকে নিয়ে একদিন কলেজে গেলাম। এই সেই কলেজ যার প্রাঙ্গণ, ছাত্রী নিবাস থেকে শুরু করে প্রত্যেকটি জিনিস আমার পরিচিত। ফিরে গেলাম পচিশটি বছর পেছনে। ফেলে আসা দিনগুলো মুহূর্তের জন্য সোনালি হয়ে দেখা দিল আমার মনে। ছাত্রী নিবাস সংলগ্ন লম্বা নারিকেল গাছগুলো আমাকে স্বাগত জানিয়ে পচিশটি বছর আগের স্মৃতি রোমন্থনে সাহায্য করলো। আমার সেদিনের অপরিপক্ব আবেগের নীরব সাক্ষী ওরা। আনমনে চেয়ে রইলাম ওদের প্রতি। হারিযে গেলাম স্মৃতির গহীন অরণ্যে।

বাবা, তুমি এগোচ্ছ না কেন? মেয়ের তাগাদা।

ওর কাছে অপ্রস্তুত হলাম।

এগিয়ে গেলাম অধ্যক্ষার রুমের দিকে। দরজায় পুরু দামি পর্দা। ঝুলছে। নাম-ফলকে অধ্যক্ষার নাম দেখে চমকে উঠলাম। এ কি? এ নাম তো আমার চিরচেনা। এ নামটি নিয়ে কল্পনার জগতে কতো বিচরণ করেছি, কতো কল্পনার জাল বুনেছি, কতো স্বপ্ন দেখেছি। এ নামের সঙ্গে জড়িয়ে রয়েছে আমার জীবনের বেদনাময় এক অধ্যায়। সামনে এগুবো কি পেছনে যাবো বোঝার আগেই কখন পৌছে গেছি অধ্যক্ষার রুমের সামনে।

ভর্তিচ্ছু ছাত্রীরা সাক্ষাত যথারীতি সম্পন্ন হবার পর অভিভাবকের পালা। কিন্তু নিয়মভঙ্গ করে ছাত্রীর ডাক পড়লো।

দশ মিনিট পরে কন্যাটি হাসি মুখে ফিরে এসে বললো, বাবা, অধ্যক্ষা আপা, কাকিমার কথা জিজ্ঞাসা করলেন, অনেক কথা হলো।

প্রমাদ গুণলাম। আমাকেসহ অধ্যক্ষার কাছে যাবার ডাক পড়লো। পিতাপুত্রী রুমে ঢুকলাম। দেখলাম দরজার পর্দার চেয়েও অধিক পুরু লেন্সের চশমা চোখে, হালকা গোলাপি শাড়ি পরনে পঞ্চাশঊর্ধ ছোটখাটো শ্যামলা ভদ্রমহিলা।

আমাকে ইশারায় সোফা দেখিয়ে দিয়ে মেয়েকে গম্ভীর স্বরে বললেন, মা, তুমি অফিস রুমে গিয়ে ভর্তি সংক্রান্ত কাগজপত্র বুঝে নাও।

আমার কন্যা রুম ত্যাগ না করা পর্যন্ত তিনি শেলফের দিকে মাথা নিচু করে বইপত্র খুজলেন।

মুহূর্তে ফিরে যাই আমার পচিশ বছর আগের হারানো দিনগুলোতে। মনে পড়লো যার কথা কলেজ ছুটিতে বাড়ি এসে ভাবী গল্প করতেন, এই সেই শোভাদি, ভাবীর হস্টেলের রুমমেট। ভাবীকে শোভাদি গান শোনাতেন, চুল বেধে দিতেন, নোট করে দিতেন, এক সঙ্গে ছবি দেখতেন, শাড়ি অদল-বদল করে পরতেন, আরো কতো কি! ভাবী ফোর্থ ইযারে, শোভা দি থার্ড ইয়ারে আর আমি সেকেন্ড ইয়ারে। কৌতূহল বশে শোভাদির নানান কথা শোনার জন্য ভাবীকে বিরক্ত করেছি। শোভার চেহারা, চাল-চলন, পছন্দ-অপছন্দ

ইত্যাদি শুনতে শুনতে খাটো-মতো শ্যামলা মেয়েটিকে না দেখেও তার ছবি মনের মাঝে একে ফেলেছিলাম। আমার মন শোভাভক্ত হয়ে ধীরে ধীরে শোভাময় হয়ে উঠলো।

মনে পড়লো শোভার গল্প শুনে ভাবীকে প্রথমে চিঠিতে লিখেছিলাম, ভাবী, তোমার রুমমেট শোভাদিকে আমার সালাম দিও। তার কথা আরো শুনতে ইচ্ছে করে।

শোভাদি আলাদা চিঠি দিয়ে আমাকে লিখেছিলেন। আমাকে তো কেউ সালাম দেয় না, তুমি কেন দিলে? আমার এমন কি কথা শুনতে ইচ্ছে করে?

সেই থেকে...। এরপর তাকে দেখেছি, তাকে নিয়ে পার্কে বেড়িয়েছি। সিনেমা দেখেছি, ছবি তুলেছি।

পরীক্ষায় ফেলের খাতায় নাম উঠলো। জীবনটা উল্টাপাল্টা হয়ে গেল। কোথা থেকে কি যেন হয়ে গেল। হঠাৎ শোভাদিকে হারিয়ে ফেললাম। পচিশটি বছর ধরে শোভাদিকে মনে মনে খুজেছি। আমার জীবনের প্রথম ভালোবাসার এভাবে মৃত্যু হয়েছিল।

খুট করে একটু শব্দে আমার তন্ময় ভাঙলো। দেখলাম শোভাদি টেবিলে মাথা গুজে রুমালে মুখ ঢেকে আমার সামনে। কোনো কথা হলো না। শুধু কয়েকটা সোনাঝরা মুহূর্তের জন্য দুজনেই দুজনকে মুগ্ধ দৃষ্টিতে দেখি। রুম থেকে কখন বের হলাম খেয়াল নেই। শুধু লক্ষ্য করলাম শোভাদির চশমার পুরু কাচ অশ্রুসিক্ত, আমার চশমার কাচও শুষ্ক ছিল না।

ভাবীর কোনো ভাই ছিল না। আর আমি শিশুকালেই মা-বাবাকে হারিয়েছি। স্বভাবতই সব স্নেহ জড়িয়ে আমি ছিলাম তার ছোট্ট ভাইটি। *শোভা শোভা* করে ইচড়েপাকা অপদার্থ ছোট্ট ভাইয়ের ক্ষতির সম্ভাবনায় তার ভবিষ্যৎ মঙ্গল কামনায় ভাবী কৌশলে শোভাদির সঙ্গে আমার যোগাযোগ বন্ধ করে দেন। দুটি নবীন হৃদয়ে যে মাধুর্যের বীজ অংকুরিত হয়, যৌবনে এসে তা পুষ্পে পল্লবে বিকশিত হলো না। সে মাধুর্য আজ হঠাৎ দোলা দিয়ে বাকি জীবন বেদনাময় করে তুললো সে কথা ভাবী জানলেন না।

পূর্ব শেওড়াপাড়া, ঢাকা থেকে

আদিতা

– জয়জিতা সরকার নূপুর

আদিতার কথা শুনে অপু তো হেসেই খুন। ও নাকি দেখতে এ আর রহমানের মতো।

কিন্তু আমি তো মিউজিশিয়ান নই।

অপু হাসতে হাসতে বললো, সে তো আমি। দেখো, শুধু বলেছি তোমার মুখে ওর ছায়াটা পড়ে।

তাহলে আদিতা, কিবোর্ডটা আমাকে শিখিয়েই দাও এবার। একটু পাগল হয়ে যাই।

কে বলেছে তোমায়, কিবোর্ড বাজাতে জানলে মানুষ পাগল হয়ে যায়?

আদিতা কিবোর্ড থেকে হাত উঠিয়ে অপুর দিকে তাকালো। কি সুন্দর ওর হাসি! এতো সুন্দর করে কথা বলে ও। সেই দুপুর দুটা থেকে অপু স্টুডিওতে এসে বসে আছে। তখন রিদম অ্যারেঞ্জের কাজ চলছিল। এগুলো হার্ড ডিস্কে ওঠানো হয়ে গেছে। কিবোর্ড দেয়া হয়েছে। কিছুক্ষণের মধ্যেই গিটারিস্ট, বেহালাবাদক, তবলচি এসে পড়বেন।

অপু, বোর হচ্ছো না তো? আদিতা ওকে জিজ্ঞাসা করলো। কোক খাবে?

কিছু না। অপু বললো।

কোক খাও। এতো গরম! এসিটাও নষ্ট হয়ে আছে। মনে হচ্ছে হিট স্ট্রোক হবে। আমি বরফ ঠাণ্ডা কোক খাবো। চলো।

অপুকে নিয়ে স্টুডিও থেকে আদিতা বের হয়ে এলো।

গান কখন রেকর্ড করবে? অপু ওর পাশাপাশি হাটতে হাটতে জিজ্ঞাসা করলো।

এই তো রাত নয়টার ভেতর সিঙ্গার চলে আসবেন। আদিতা আসলে কথা বলার মাঝে কোনো ছন্দ খুজে পাচ্ছে না।

অপু কি শান্ত কি মায়া ওর মাঝে।

আদিতা ভেবেই পায় না ওর সঙ্গে কোন ব্যাপার নিয়ে কথা বলবে। ওর গানের সুরগুলো যেন ওকে উদ্দেশ্য করেই করা। এক মাস হলো ওদের পরিচয়। এরই মাঝে খুব বন্ধু হয়ে গেছে ওরা। কিন্তু বন্ধুত্বে মধ্যকার দুরত্বটা আদিতাকে অস্থির করে তুলেছে।

কি ভাবছো?

আচ্ছা, তুমি আমার জন্য কি করতে পারো? আদিতা ওর দিকে তাকিয়ে খুব নরম গলায় জানতে চাইলো।

তোমার বার্থডে-তে উইশ করতে পারি তোমাকে সঙ্গে নিয়ে কক্সবাজার যেতে পারি। তোমাকে কাচ্চি বিরিয়ানি খাওয়াতে পারি। আরো অনেক কিছু করতে পারি। বলো কি করতে হবে?

ও। আদিতা আশাহত গলায় বললো, ভেবেছিলাম তুমি আমার জন্য সব করতে পারবে।

অপু মাথা নিচু করে রইলো।

ওরা একটা ফাস্ট ফুড শপে ঢুকলো। পছন্দ মতো খাবার ট্রে-তে করে নিয়ে একেটা টেবিলে গিয়ে বসলো।

তুমি জানো আদিতা, আমি চার কামড়েই একটা বার্গার সাবাড় করতে পারি। আর এক নিঃশ্বাসে আধ লিটার কোক।

তাই নাকি?

এই দেখো। বলে চার কামড়েই অপু বার্গারটা শেষ করলো।

আদিতার হাসি থামেই না। ও হাসতে হাসতে চেয়ার ছেড়ে উঠে ওর গলার চেইনটা অপুর গলায় পরিয়ে দিল। অপু অনেক চেষ্টা করেও ওকে ফেরাতে পারলো না। ওর সুন্দর নীল খাদি ফতুয়ার খোলা বাতামে চেইটা খুব মানিয়েছে অপুকে।

এবার তাহলে কোকটা শেষ করি?

ওটা আরেকদিন করো। আজকে সঙ্গে আর কিছু নেই তোমাকে দেবার মতো। আদিতা বার্গারে কামড় বসাতে বসাতে বললো।

কিন্তু আমি তো চোখের সামনে দেখতে পাচ্ছি আরেকটা জিনিস তোমার কাছে দিব্যি রয়ে গেছে। অপু দুষ্টু হেসে বললো।

আদিতা অনেক খোজাখুজি করেও কিছু বের করতে পারলো না। মোবাইলে সময় দেখে নিয়ে ব্যস্ত ভঙিতে বললো, চলো উঠি।

অপু ওকে ওর মিউজিক স্টুডিওতে পৌছে দিয়ে নিজের কাজে চলে গেল। এখনো অনেক কাজ পড়ে আছে। গিটার, তবলা, বেহালা, কণ্ঠ এসব নিতে হবে। তারপর তো মিক্সিং রয়েই গেছে। ওহো। অপু ওর ব্যাগটা ফেলে গেছে। কম্পিউটার ডেস্কের ঠিক নিচেই ম্যাটের ওপর রাখা আছে। আদিতা কি ওকে ফোন করবে? ও নিচু হয়ে ব্যাগটা হাতে নিল। ছোটখাটো সুন্দর হালকা একটা নীল ব্যাগ। আর সময় নিল না আদিতা।

হ্যালো, কে বলছেন?

স্পেশাল এজেন্ট অফ ডিটেকটিভ ব্রাঞ্চ।

তাই? অপু ছন্দ ভরা একটা হাসি দিল।

স্যার, আপনার ব্যাগটা রেখে গেছেন।

ও। তাই তো বলি কি জানি ফেলে এসেছি।

শুধু ব্যাগ, আর কিছু নয়?

কি জানি।

অপু বললো, আমি আসছি।

আদিতা কম্পিউটারের সামনে ঝুকে কাজ করছে। অপু দরজা ঠেলে ঢুকতেই আদিতা ওকে ইশারায় চেয়ার দেখিয়ে বসতে বললো। রুমে ইন্সট্রুমেন্টস, চেয়ার ছাড়া আর কিছু নেই। সবাই যার যার কাজ শেষ করে চলে গেছে। ঘরে শুনশান নীরবতা।

আদিতা কাজে এতো ব্যস্ত যে অপু একটু বিরক্ত বোধ করছে। ও উঠে এসে আদিতার ঠিক পেছনে গিয়ে দাড়ালো। একটু ঝুকে চেয়ারে বাসা আদিতার কানে কানে বললো, আমি কি চলে যাবো?

আদিতা এতো ব্যস্ত ছিল যে চমকে উঠলো।

কেন? আমি চা দিতে বলছি। আদিতা উঠে দাড়ালো।

অপু বাধা দিয়ে বললো, থাক না।

কেন? অদিতা বললো।

অপু ওর কথায় কানই দিল না। ওর ছেড়ে দেয়া চুলগুলো নাড়িয়ে দিয়ে বললো, তোমার ভয় করছে না?

আদিতা অবাক হয়ে জানতে চাইলো, কেন?

যদি তোমার কিছু নিয়ে যাই। অপু একটু রহস্য করলো।

আদিতা কি বলবে বুঝতে পারছে না। ওর বুকে ঝড় বয়ে যাচ্ছে। গত এক মাসের অস্থিরতা, একটা পরিচিত মুখ আর ওর অবচেতন মনের চাওয়া সব কিছু মিলিয়ে একটা জটিল ধাধা ওর মাথায় ঘুরছে। আদিতা দাড়িয়ে আছে। ওর টানা টানা চোখ দুটো জলে ভরে গেছে। ওতো এক মুহূর্তও অপু ছাড়া কিছু বোঝে না। ঘুমুতে যাবার আগে অপু, ঘুম ভাঙার পর অপু, কথায় অপু, সুরে অপু, শুধু অপু এবং অপু। আদিতা আর দাড়িয়ে থাকতে পারছে না। সমানে কাপছে।

অপু হাতে ধরে ওকে চেয়ারে বসালো।

দুর বোকা, আমি তো মজা করছিলাম। এতো সুন্দর একটা চেইন দিলে, এরপর তোমাকে কিছু না দিয়ে কি আমি কিছু নিতে পারি? বোকা মেয়ে। অপু ওর সামনে হাটু গেড়ে বসে ওকে কথাগুলো বললো।

আদিতা চুপচাপ এক দৃষ্টিতে ওর দিকে তাকিয়ে আছে। ওর নিজেকে খুব ছোট লাগছে। ও কি এতোই অযোগ্য, অপু ওকে নিয়ে এভাবে মজা করছে সারা দেশের মানুষ ওর জন্য পাগল আর ওর সামনে বসে থাকা এই ছেলেটি ওকে পাত্তাই দিচ্ছে না। ও মাথা নিচু করে রইলো।

অপু ওর ব্যাগটা কাছে টেনে নিল। ভেতর থেকে একটা ফ্লপি বের করে আদিতা হাতে দিয়ে ওটা চালাতে বললো।

আদিতা ওটা চালিয়ে দিল। কম্পিউটার স্কৃনে সুন্দরভাবে একটি লেখা ফুটে উঠলো,

ADITA
I miss you
I need you
I love you

আদিতা আর চোখে জল ধরে রাখতে পারলো না। জোরে কেদে উঠলো।

অপু হাতে ধরে দাড় করিয়ে আদিতাকে বুকে টেনে নিল।

চট্টগ্রাম থেকে

আত্মগ্লানি

মানুষের জীবনে এমন ভুল থাকে যা শোধরানো যায় না।

আমি তখন অষ্টাদশী। দুরন্ত কিশোরী মেয়ে থেকে সবে যুবতী হয়ে ওঠা এলোমেলো যুবতী। কারণ তখন হৃদয়ে অযথা দক্ষিণা হাওয়া আমার সত্তাকে এলোমেলো করে দিতো।

কলেজ থেকে বাড়ি ফেরার পথে কয়েকদিন থেকে লক্ষ্য করছি একটি লম্বা শ্যামলা ছেলে আমাকে ফলো করছে। এভাবে কতোদিন কেটে গেলে আমার মনেও পুলক লাগলো। রোমাঞ্চিত হলাম অজানা আনন্দে।

একদিন ছেলেটি আমার সামনে এসে বললো, আমার নাম রিপন। তোমাকে আমার ভালো লাগে। যদি তুমি আমাকে বন্ধুত্বের সুযোগ দাও তাহলে কাল সকাল দশটায় কলেজ গেটে থাকবে। এই বলে হাতে ফুল দিয়ে চলে গেল।

শুরু হলো মনে ঝড়ের দাপাদাপি। অজানা সুখে শিহরিত হই বার বার। সিদ্ধান্ত নিলাম রিপন নামের ছেলেটির সঙ্গে দেখা করবো।

পরদিন সকাল দশটায় রিপন আমাকে একটি রেস্টুরেন্টে নিয়ে গিয়ে অনেক গল্প করলো।

এরপর জানাশোনা, ভালো লাগা থেকে ভালোবাসা। সময় গড়িয়ে চললো। প্রায়ই আমরা বেড়াতে যেতাম।

এরই মাঝে কেটে গেল দুটি বছর। ও গল্প করতে করতে আমার শরীর ছুতে চাইতো। কিন্তু কুমারী মেয়ে হিসেবে এসব বিষয়ে ভীতি ছিল।

একবার রিপন বুদ্ধি করে ওর বন্ধুর ফাকা বাড়িতে নিয়ে গিয়ে জড়িয়ে ধরে চুমু খায়।

আমি ভয়ে কুকড়ে যাই। ধাক্কা দিয়ে ওকে সরিয়ে দিই এবং বলি, এসব পছন্দ করি না।

রিপন বলে, কেন করো না। প্রেম করতে গেলে একটু আধটু এসব হয়েই থাকে।

বললাম, বিয়ের পরে সব, এখন নয়।

বাড়িতে অবিবাহিত মেয়ে থাকলে বাবা যেমন মেয়ের বিয়ের জন্য তৎপর হয় তেমনি ঘন ঘন ঘটকের আগমন ঘটে। ফলে রিপনকে বলি, তাড়াতাড়ি কিছু একটা করো। বাবা–মা, ভাইরা কখনোই আমাকে বেকারের সঙ্গে বিয়ে দেবেন না।

রিপনের সামনে মাস্টার্স পরীক্ষা। আমি দিশেহারা হয়ে শুধু চিন্তার সাগরে অবগাহন করি।

হঠাৎ একদিন বিকেলে পাত্রপক্ষ আমাকে দেখতে এসে পছন্দ হওয়ায় আংটি পরিয়ে বলে ওঠে, কাজি ডাকুন, আজ রাতেই বিয়ে।

রিপন পালিয়ে বিয়ে করার প্রস্তাব দিলেও বাবা মায়ের সামাজিক মর্যাদা ক্ষুণ্ন হওয়ার ভয়ে এবং অনিশ্চিত ভবিষ্যতের ভয়ে চুপচাপ কবুল বলে নতুন জীবনে প্রবেশ করি।

বাসর রাতেই স্বামী আমার কুমারীত্ব হরণ করে।

শ্বশুর বাড়িতে নতুন পরিবেশে নিজেকে মানিয়ে নেয়ার আপ্রাণ চেষ্টা করতে লাগলাম। কিন্তু আমার স্বামী প্রচণ্ড রাগী ও বদমেজাজি। যখন ভালো থাকে তখন ফেরেশতা আর রাগ করলে শয়তান। নানান নিয়মের বেড়াজালে খুবই মনঃকষ্টে ছিলাম।

একদিন সামান্য কারণে আমার স্বামী আমাকে প্রচণ্ড মারধর করে।

রাগ করে আমি বাপের বাড়ি চলে যাই।

বাবা–মা, ভাইদের কাউকেই কিছু বলিনি। শুধু দীর্ঘশ্বাস আমার মনের জানালায় কষাঘাত করে।

একদিন ভাবীর সঙ্গে মার্কেটে যাই। কিন্তু মাথা ব্যথার কারণে ভাবীকে মার্কেটে রেখেই রিকশা করে বাড়ি ফিরছিলাম। রাস্তায় রিপনের সঙ্গে দেখা হয়ে গেল।

জিজ্ঞেস করলো, কেমন আছো?

ভালো। হয়তো আমার মুখ দেখে সে কিছু অনুমান করে থাকবে।

বললো, তোমার যদি কোনো অসুবিধা না হয় তাহলে চলো কোথাও বসি।

রিপনের সঙ্গে মন্ত্রমুগ্ধের মতো চলতে বাধ্য থাকি।

হঠাৎ রিপন দাড়িয়ে বললো, শোনো, তোমার শ্বশুর বাড়ির কেউ দেখলে তোমার সমস্যা হতে পারে। তারচেয়ে চলো আমার এক বন্ধুর বাসায় যাই।

কিছুই বললাম না। কেন যেন তখন মনে হচ্ছিল, রিপনকে বিয়ে করলে অনেক সুখী হতাম।

বন্ধুর বাসায় পৌছে রিপন আমার কষ্টের কথা শুনে আবেগে আপ্লুত হয়ে আমাকে বিভ্রান্ত করে ফেলে। কিভাবে কখন যে আমরা দুজন দুজনার মাঝে বিলীন হয়ে গেছি বুঝতেই পারিনি।

যখন বুঝলাম তখন আত্মগ্লানিতে ছুটতে ছুটতে চলে আসি।

আমার শ্বশুর আমাকে অনেক বুঝিয়ে ফিরিয়ে নিয়ে যান শ্বশুরবাড়িতে।

স্বামীও অনেক কথার ফুলঝুরি সাজিয়ে ক্ষমা প্রার্থনা করলো।

সুখেই কাটছিল দিনগুলো। একদিন অনুভব করলাম শরীরে নতুন প্রাণের অস্তিত্ব। বাড়িতে খুশির বন্যা। নয় মাস পরে জন্ম নিল আমার মেয়ে। ধীরে ধীরে বড় হচ্ছে আর আমি রিপনের প্রতিকৃতি দেখছি। এবং অনুশোচনায় শেষ হয়ে যাচ্ছি। স্বামীকেও সব খুলে বলতে পারছি না। কারণ আমার স্বামী আমাকে ভালোবাসে, মেয়েকেও প্রাণের চেয়ে বেশি ভালোবাসে। কিভাবে আমি এই নির্মম নিষ্ঠুর বাস্তবকে স্বীকার করি? এভাবে কতো দিন, কতো বছর, কতো যুগ আত্মগ্লানি, অনুশোচনায় নিঃশেষ হবো জানি না।

নাম ঠিকানা বিহীন

চুল

– নয়ন জাহাঙ্গীর

ভালোবাসা কি? এই চিন্তায় কাটিয়ে দিলাম পচিশটি বছর। অতঃপর একদিন খেয়াল করলাম, নানান চিন্তার ঘুরপাকে পড়ে মাথার চুল আস্তে আস্তে কখন যেন ফাকা হয়ে গেছে! সময়ের চক্করে জীবনের প্রথম ভালোবাসার উপলব্ধি হলো চুলের প্রতি। তখন বুঝতে পারলাম ভালোবাসাটা আসলে কি জিনিস।

হ্যা, প্রত্যেক মানব–মানবী যখন এই গোল্ডেন সময়ে প্রেম ভালোবাসা নিয়ে ব্যস্ততার মধ্যে একের পর এক দিন পার করে দিচ্ছে তখন আমি চুলের প্রতি ভালোবাসা প্রকাশ করে চলেছি বিভিন্ন প্রকারে। যখন মানব–মানবী ভালোবাসা টিকিয়ে রাখার জন্য যতো প্রকারের ছলচাতুরি আছে তার সব প্রয়োগ করা নিয়ে ব্যস্ততায় সময় কাটাচ্ছে তখন আমি চুল ঝরে পড়া রোধ করতে এমন কোনো পদ্ধতি নেই যা প্রয়োগ করতে বাকি রাখছি। যখন যে যা উপদেশ দিয়েছে তখনই সেটা প্রয়োগ করা চাই। অ্যালোপ্যাথি, হোমিওপ্যাথি, কবিরাজি থেকে শুরু করে নানান প্রকার তেল, সেই সঙ্গে পানি পড়া, তেল পড়া, ভেষজ মিশ্রণ সবই চুলের প্রতি ভালোবাসা জানাতে প্রয়োগ করা হলো। কিন্তু হায়! আমার চুল আমার মনের বেদনা বুঝলো না। একদিন মাথাকে সাহারার মরুভূমি করে তার প্রতি আমার ভালোবাসাকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে চিরজীবনের মতো ছেড়ে চলে গেল। চুলের প্রতি সর্বশেষ আমার ভালোবাসা এতো প্রবল রূপ নিল যে, ভয়ে আয়নায় মুখ দেখা বন্ধ করে দিলাম পাছে আরো দুঃখ বাড়বে বলে।

এখন সেলুনের বড় বড় গ্লাসে যখন মাথার প্রতিবিম্ব দেখি তখন দুই চোখ ঝাপসা হয়ে আসে বেদনায়। তখন বুঝতে পারি ভালোবাসা কাকে বলে! মাঝে মধ্যে বন্ধুরা কাটার ওপর লবণের ছিটা দিয়ে আমার চুল নিয়ে যখন নানান প্রকারে কটূক্তি করে তখন বুকের পাজরের নিচে যে ব্যথা অনুভব করি সেটা তারা বুঝতে পারে না। পারলে তারা বুঝতো চুলের প্রতি আমার ভালোবাসা কতো গভীর ছিল।

এ বছর গোল্ডেন জুবিলি পার হয়ে সিলভার জুবিলিতে পদার্পণের মধ্যে দিয়ে *ভালোবাসা দিবস* উদযাপন করবো। আর বন্ধু-বান্ধবদের দেয়া *টাক্কু* খেতাব নিয়ে ততোদিন বেচে থাকবো যতোদিন না দীর্ঘল কালো কেশের কোনো রমণী এসে আমার টাক মাথাটি তার সেই কেশ দিয়ে ঢেকে দেয়ার প্রয়াসে আমাকে জীবন সঙ্গী করার জন্য হাত বাড়িয়ে না দেবে।

আজ ভালোবাসা দিবসে দীর্ঘশ্বাসের পুনরাবৃত্তি না করে, ক্ষোভ, আক্ষেপ, বেদনা মনের মাঝে না জাগিয়ে তাকে শুধু একটাই প্রশ্ন করবো, *তুমি কেন এতো তাড়াতাড়ি আমাকে ছেড়ে চলে গেলে?*

নাচোল, চাপাইনবাবগঞ্জ থেকে

বনসাই

তার ক্যাকটাস খুব পছন্দ।

একবার ব্যাংককে যাবার সময় তাকে জিজ্ঞাসা করেছিলাম, তোমার জন্য কি আনবো?

সে জিজ্ঞাসা করলো, সত্যি সত্যি বলবো?

বললাম, হ্যা, অবশ্যই।

বললো, আনতেই যদি চাও তবে ক্যাকটাস এনো, আই লাভ ক্যাকটাস।

বললাম, কেন ক্যাকটাস তোমার এতো ভালো লাগে?

এটাকে বাইরে থেকে দেখলে বোঝা যায় না এটার রিপ্রডিউস করার এতো স্ট্রাইকিং ক্ষমতা। এর ভেতরের পোটেনশিয়াল বোঝা যায় না। এটিতে কখনো ফুল ফুটতে পারে বিশ্বাস হয় না। যখন এটিতে ফুল ফোটে, খুব ভালো লাগে।

বললাম, ক্যাকটাস বাচানো খুব কষ্ট, একটু অযত্ন করলেই মরে যায়।

সে বললো, ক্যাকটাসের কোনো যত্নই লাগে না ঠিক আমার মতো। সপ্তাহে একবার পানি দিলেই হলো।

মনে মনে বললাম, আর কেউ না জানুক, আমি তো জানি তোমাকে অযত্ন করলে চিরদিনের জন্য হারাতে হয়। সে জন্যেই তো তোমার যত্নের কোনো ত্রুটি করি না।

এ কথাটা এ জন্যই বললাম, কারণ তাকে বহুদিন আগে তার একটি চাকরির জায়গা থেকে অন্যায়ভাবে সরিয়ে দেয়া হয়েছিল। পরে ভুল বুঝতে পেরে তাকে বহুবার সেখানে যাবার জন্য বলা হলেও তাকে আর কোনোদিন সে জায়গায় নেয়া যায়নি।

ব্যাংকক থেকে তার জন্য ক্যাকটাস এনে দিলাম।

খুব খুশি হলো। নিজের সন্তানের মতো যত্ন করতে লাগলো। প্রতি বৃহস্পতিবার পানি দেয়।

যদি জিজ্ঞাসা করি, পানি দিয়েছিলে তো?

বলে, হাউ ডু ইউ থিংক আই উইল ফরগেট দ্যাট?

মনে মনে ভাবি, ক্যাকটাস হয়ে জন্মালেই ভালো হতো।

একদিন তাকে বলেছিলাম, তোমার বনসাই ভালো লাগে না? আমার খুব ভালো লাগে।

একবার টোকিওতে বেড়াতে গিয়ে *টবু ওয়ার্ল্ড স্কয়ার*-এ গিয়েছিলাম। পৃথিবীর সমস্ত দর্শনীয় জিনিসগুলোর ছোট্ট সংস্করণ আছে সেখানে। অপূর্ব লাগে! বনসাই দিয়ে ঘিরে রিয়ালিস্টিক করার চেষ্টা করা হয়েছে।

সে বললো, না, আমার বনসাই ভালো লাগে না, দেখলে কষ্ট হয়। একটা বটগাছ যেটির ডালপালা ছড়িয়ে প্রকাণ্ড হবার কথা ছিল তাকে টবে বন্দী করে রাখা হয়েছে, বাড়তে দেয়া হয়নি। না, ওগুলো দেখতে আমার ভালো লাগে না, বড় কষ্ট হয়।

সেদিন তার এ কথা শুনে শ্রদ্ধায় অবনত হয়েছিলাম। অথচ আজ ভাবি, সে জানে না সেই-ই একটা বনসাই হয়ে গেছে। এখন তাকে দেখেই আমার কষ্ট হয়। দিনের পর দিন সে তার ইচ্ছার শেকড়গুলোকে

নীতির শক্ত তারে বেধে রেখেছে, তাদের বাড়তে দেয়নি। তাই তার সে ইচ্ছা, সে স্বাধীনতার সাধ, ডালপালা ছড়াতে পারেনি। সে বনসাই হয়ে গেছে।

তাকে স্বাধীনতার স্বাদ দিতে চেয়েছিলাম, তার ইচ্ছার ডালপালাগুলোকে ছড়িয়ে দিতে চেয়েছিলাম, সূর্যের আলোয় তার পাতাগুলোকে সবুজ করতে চেয়েছিলাম। সে সবুজ হতেও পারেনি। কারণ তার শেকড় যে বড় কঠিন নীতির তারে বাধা।

সে যে বনসাই!

নাম ঠিকানা বিহীন

কিংকর্তব্যবিমূঢ়

- জেড. ইউ আহাম্মদ

তার সঙ্গে পরিচয় ঘটেছিল নাটকীয়ভাবে। সে কথা না হয় অজানাই থাকলো।

তার নাম রেখেছিলাম কবিতা। আমরা একই ডিপার্টমেন্টে পড়তাম। কিছুটা দেরিতে হলেও জানতে পারি, সে আমার দুই বছরের সিনিয়র। এরপর থেকে দূরত্ব রক্ষা করে চলতে চেষ্টা করি। সম্বোধন করি আপা বলে।

ততোদিনে তিনি আমাকে ভিন্ন নামে ডাকতে শুরু করেছেন। তিনি আমাকে আকারে-ইঙ্গিতে অনেক কিছু বুঝিয়ে দেন।

বুঝেও না বোঝার ভান করি।

একদিন আমাকে একান্তে পেয়ে বললেন, পুরুষের লোমশ বুক আমার খুব ভালো লাগে। আমার হাত টেনে তাতে লিখে দিলেন, Kiss me।

বিব্রত বোধ করলাম। আমার হাত তিনি তার বুকে চেপে ধরলেন।

অজানা আনন্দে শিহরিত হলাম।

এরপর থেকে তার দৌরাত্ম ক্রমেই বাড়তে লাগলো। তার হাতের পুতুল হয়ে গেলাম।

একদিন বললেন, আজ বাসায় কেউ নেই, বাসায় চলো। রিকশা ডেকে অনেকটা জোর করেই তুললেন রিকশায়।

বাসায় গিয়ে তিনি যেন মাতাল হয়ে গেলেন। প্রথমে তিনি তার জামা খুললেন। আমাকে বললেন, তার ব্রা-র হুক খুলে দিতে।

এরপর তাকে জড়িয়ে ধরে খাটে শোয়ালাম।

প্রায় প্রতিদিনই আমাদের মিলন হতো। তিনি ক্রমেই বেপরোয়া হলেন।

আমিও আমার লেখাপড়া একেবারে শিকেয় তুললাম।

একদিন আমাকে একটি রেস্টুরেন্টে নিয়ে গেলেন। আজ তাকে অন্য রকম লাগছে। কথা বলছেন মেপে মেপে। বললেন, দেখো জীবনটা উপভোগ করার জন্য। আমরা জাস্ট এনজয় করেছি। সময় তো বসে থাকে না। আগামী সপ্তাহে আমার বিয়ে, পাত্র ইঞ্জিনিয়ার। এরপর একটি কার্ড আমার হাতে দিলেন।

ইনিয়ে-বিনিয়ে অনেক কিছুই বলতে চাইলাম।

তিনি আমাকে কথা বলার সুযোগ না দিয়ে তাড়াতাড়ি রিকশায় উঠলেন।

উদভ্রান্তের মতো চেয়ে রইলাম।

এরপর দশ বছর কেটে গেল। চাকরি সূত্রে এখন আমি ব্রাহ্মণবাড়িয়ায়। নতুন বাসা খুজতে গিয়ে এক বাড়িতে ঢুকেছি। এক মহিলা বলে উঠলো, অমিত না!

স্তব্ধ হয়ে গেলাম। কারণ কবিতা ছাড়া কেউ আমার এ নাম জানতো না। দ্রুত সেখান থেকে চলে আসতে চাইলাম।

তিনি পথ আগলে দাড়ালেন। বললেন, প্লিজ শোনো।

জানলাম তিনি বিধবা।

অনেক কান্নাকাটি করলেন, ভুলের জন্য ক্ষমা চাইলেন। এখন তিনি প্রতিনিয়ত আমার সঙ্গে যোগাযোগের চেষ্টা করেন। স্বপ্ন দেখান নতুন জীবনের।

পালিয়ে বাচার চেষ্টা করি। কিন্তু এভাবে আর কতোদিন চলবে? জানি না। আমি কিংকর্তব্যবিমূঢ়।

ব্রাহ্মণবাড়িয়া থেকে

প্রেমের চিরন্তন বাণী বর্তমান যুগে

- রাজু

কাছে টানো	:	লোভ দেখিয়ে।
বিশ্বাস করো	:	না করাই ভালো।
প্রেম করো	:	ওয়ানটাইম ইউজ।
কথা বলো	:	হাতে হাত রেখে।
ঘুড়ে বেড়াও	:	কেউ যেন দেখে না ফেলে।
রেস্টুরেন্টে বসো	:	মানিব্যাগ না নিয়ে।
ব্যয় করো	:	প্রেমিকার পার্স থেকে।
পার্কে বসো	:	নির্জন জায়গা দেখে।
চুম্বন করো	:	যতোক্ষণ মন চায়।
প্রতিশ্রুতি দাও	:	শতকরা একশ ভাগ মিথ্যা।
নত হও	:	কাম আদায় পর্যন্ত।
কেটে পড়ো	:	কাম আদায়ের পর।
ফোন করলে	:	রং নাম্বার।
কোথাও দেখা হলে	:	অচেনার ভান করো।
বিয়ে করো	:	বাবা মায়ের পছন্দ মতো।

ঠনঠনিয়া, বগুড়া থেকে

প্রেম শিকারি

- জিল্লুর

আমি একজন প্রেম শিকারি। তাই প্রেমের ফাদে ফেলার জন্য কখনো হয়েছি কবি, কখনো বীর পুরুষ, কখনো ভিজে বিড়াল আবার কখনো ভিক্ষুক। যেখানে যেভাবে যা করা দরকার প্রেমের জন্য আমার তা-ই করা। সহজ লভ্য কাজের মেয়ে থেকে ধনাঢ্য, ধার্মিক, বিবাহিতা অনেকে হয়েছে আমার আয়ত্ব। আজকে লিখবো এ্যানিকে নিয়ে।

এ্যানি আমার ছাত্রী। বয়স ষোল। চঞ্চলতা আর গম্ভীরতা মেশানো চরিত্র। হাসলে গালে টোল পড়ে। মুচকি হাসে বেশি। হাটায় একটা ছন্দ আছে। কথা গুছিয়ে বলে। মাঝারি চুলগুলো বেশির ভাগ সময় শ্যাম্পু করা থাকতো। ওড়না পরে। কিন্তু সঠিক ব্যবহার জানে না বা করে না।

প্রথম দিন এ্যানির ছোট ভাই দরজা খুলে দিল। ড্রয়িংরুমে বসলাম।

পাচ মিনিট পর মা-মেয়ে এক সঙ্গে রুমে প্রবেশ করলো।

তাদেরকে দেখে মনে হলো তারা দুই বোন।

পরিচয় এবং চা চক্রের পর বসলাম পড়াতে। আল্লাহর দেয়া চেহারা, মিষ্টি কথা আমার হাতিয়ার। ছাত্র মধ্যমানের হলেও মানিয়ে নিতে পারি।

পড়িয়ে মেসে এসে পড়লাম চিন্তায়। ফল গাছ লাগাবো, নাকি ফুল গাছ। দুটোই পছন্দ করি।

প্রতিদিন বাড়িতে ঢুকতে এ্যানি দরজা খোলে। মিষ্টি একটি হাসি দিয়ে চুলে একটা ঝাকি মারে।

পড়ার টেবিলে বসার সঙ্গে সঙ্গে তার মা আসে। তারপর মাঝে একবার আসে নাশতা নিয়ে।

নাশতার ফাকে তিনজনের চলে গল্প।

সুযোগ পেলেই হাসির কথা বলি।

যাহোক, পড়ানোর সময় এ্যানির পা প্রায়ই আমার পায়ের সঙ্গে লাগে। স্যার, মাফ করেন, বলে চু চু করতো। শেষে বললাম, শোনো, পায়ে লাগলে কিছু হয় না। এক জায়গায় থাকলে লাগতেই পারে। হয়তো তোমার পা আমার পা বন্ধু হবে।

সে হেসে বলে পা, পা বন্ধু হয় নাকি?

বললাম, না মানে, ভিত তো নিচেই থাকে। একশ এক তলাটা শুরু হয়েছে মাটি থেকে। কাজেই বন্ধুত্ব পা থেকেই শুরু হয়।

এ্যানি যখন লেখে তখন চুপি চুপি দেখি।

আমি যখন খাতা দেখি, সে আমাকে দেখে। অর্থাৎ ফুলের সুবাস মৃদু শুরু হয়েছে।

কথা প্রসঙ্গে একদিন বললো, স্যার, আপনার শখ কি?

বললাম, নায়কের মতো জীবন।

কেন?

বললাম, নায়কেরা সহজে ধনী হয়, সহজে প্রেম পায়। তাই।

সে বললো, মিথ্যুক। অর্থাৎ তার ধারণা, আমি প্রেম করি।

একদিন সিগারেট খেয়েই ঘরে ঢুকেছি। গন্ধটা আমাকে বিব্রত করছে।

সে বলেই ফেললো স্যার, আপনাকে একটি অনুরোধ করবো।

বললাম, বলো।

আপনি আর সিগারেট খাবেন না।

এভাবে তো বললে হবে না। সবচেয়ে বড় শক্তি দিয়ে বলতে হবে।

এ্যানি বললো, বড় শক্তি কি?

বললাম, জেনে নিও।

সে বিভিন্ন জায়গায় প্রশ্ন করে জানলো।

একদিন চিরকুটে লিখলো, স্যার, পদ্মার পাড়ে দেখা করবেন ঠিক বারোটায়।

গেলাম। পরে বললাম, শোনো এ্যানি, তোমার সঙ্গে এভাবে বাইরে আলাপ করা ঠিক হবে না।

স্যার, আমি পৃথিবীর সবচেয়ে বড় শক্তি দিয়ে বলছি, আপনি আর সিগারেট খাবেন না। কারণ আপনার ক্ষতি, আমার ক্ষতি মনে হয়। এ বলেই সে চলে গেল।

তারপর এ ফুল আমাকে মোহিত করতো প্রতি মুহূর্ত।

একদিন এ্যানিদের বাসায় গিয়ে দেখি এ্যানি নেই। তার মা আছেন। বসে চা খেলাম।

এ্যানির মাকে আপা বলি। তিনি যেভাবে শাড়ি পরে আছেন, কিছুটা দৃষ্টিকটু লাগছে। কিন্তু উপভোগ করছি। জর্জেট শাড়ির মধ্যে নাভিটা যেন আমার দিকে তাকিয়ে আছে।

বললাম, আপা, কিছু মনে করবেন না। একটি মেয়ে কি জানে একজন ছেলে তার কোন কোন অংশ পছন্দ করে।

বললেন, জানি।

বললাম, আপনার শাড়িটা সুন্দর।

বললেন, ধন্যবাদ।

আজকে তিনি একটু কম কথা বলছেন।

আবার বললাম, আপনি কি আপনাকে খাওয়া, ঘুম বা কোনো কিছুতে ফাকি দেন।

তিনি বললেন, আপনি হয়তো জানেন, এ্যানির আব্বা বিদেশ। ফলে এক খাওয়া বাদে অন্য সব কিছুতেই নিজেকে ফাকি দিই।

বললাম, আপনার কি মনে হয় তিনি বিদেশে ঠিক আছেন।

বললেন, না।

তারপর বাসায় ফিরে আসতে চাইলে তিনি বললেন, সন্ধ্যা পর্যন্ত থাকতে হবে।

বললাম, কি খাওয়াবেন।

যা চাইবেন তা–ই।

খাবার জিনিস খাবো না।

তিনি বললেন, কিল খাওয়াবো।

বললাম, তাহলে আসি।

এই বলে গেট পর্যন্ত আসতেই তিনি আবার ডাকলেন। ভেতরে যেতেই বললেন, কিসমিস খাবেন?

তারপর একেবারে কাছে এসে আমার ডান হাত নিয়ে একটা কিস দিলেন।

এরপর সব কিছুই খাওয়ালেন।

এভাবে প্রায় দুই মাস ষোল এবং বত্রিশের মাঝে আমি পচিশ *তা থৈ তা থৈ* খেললাম।

একদিন এ্যানি স্কুল থেকে তাড়াতাড়ি বাড়ি ফিরে অনাকাঙ্ক্ষিত অবস্থায় অসময়ে আমাকে দেখে হকচকিয়ে যায়। আমার সঙ্গে কোনো কথা না বলে তার ঘরে গিয়ে দরজা বন্ধ করে দেয়।

তারপর আর পড়াতে যাইনি।

আট বছর পর এক মেলায় এ্যানির সঙ্গে আমার দেখা। সে কথা বলতে না চাইলেও জোর করে কথা বলে ক্ষমা চাইলাম।

দুই ফোটা অশ্রু উপহার দিয়ে বললো, আমি তোমাকে খুব ভালোবেসেছিলাম। এখন খুব ঘৃণা করি।

তার পথের দিকে তাকিয়ে তার কথাটি মর্মে মর্মে উপলব্ধি করতে লাগলাম।

কানাইখালি, নাটোর থেকে